# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

বিষয়ঃ সিলেট সিটি কর্পোরেশনে গত ১২.১১.২০২৪ তারিখে অনুষ্ঠিত পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি, প্রশাসক, সিলেট সিটি কর্পোরেশন |
| সভার তারিখ ও সময় | : | ১২ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ, সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | সিলেট সিটি কর্পোরেশনের সভাকক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর প্রধান নির্বাহী কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য আহ্বান জানানো হয়। সভার শুরুতেই পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন জনাব মোহাম্মদ আলী, ইমাম, নগর ভবন মসজিদ, সিলেট সিটি কর্পোরেশন এবং পবিত্র গীতা থেকে পাঠ করেন জনাব জ্যোতিষ চক্রবর্তী, আদায়কারী, কর আদায় শাখা, সিলেট সিটি কর্পোরেশন। সদ্য যোগদানকৃত সিলেট সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ রেজাই রাফিন সরকার সভায় উপস্থিত সকলের সাথে পরিচিত হন। অতঃপর সভার আলোচ্যসূচি নিম্নোক্তভাবে উপস্থাপন করা হয়ঃ

**২.০ সভার আলোচ্যসূচি:**

২.১ গত ১৭.১০.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়। কোন ধরণের সংশোধনী আছে কিনা জানতে চাওয়া হয়। কার্যবিবরণীতে কোন ধরণের সংশোধনী না থাকায় সর্বসম্মতক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

**২.২ কাজির বাজার ব্রীজ ও ক্বীন ব্রীজ লাইট পোস্টে বেল সাইন স্থাপনের অনুমতি প্রদান:**

প্রধান রাজস্ব কর্মকর্তা বলেন যে, আবু আইউব আনসারী, অনুপ্রাস (বিজ্ঞাপন সংস্থা) কর্তৃক মহানগরী কাজির বাজার ব্রীজ ও ক্বীন ব্রীজ লাইট পোস্টে বেল সাইন স্থাপন করার জন্য ১৯.০৯.২০২৪ খ্রি. তারিখে আবেদন দাখিল করেন। কাজির বাজার ব্রীজ হতে রেলওয়ে রাস্তা পর্যন্ত সর্বমোট ১২৫টি লাইট পোস্ট এবং ক্বীন ব্রীজে ৪৮টি লাইট পোস্ট রয়েছে। ইতোপূর্বে সংকেত আর্ট এন্ড পাবলিসিটি, ২৮১, ব্লক-ডি লালদিঘীর পাড়, বন্দর বাজার সিলেটকে বিগত ২২.১২.২০২২ খ্রি. তারিখে ক্বীন ব্রীজে ৩০টি ও কাজির বাজার ব্রীজে ৭০টি বেল সাইন স্থাপনের অনুমতি প্রদান করা হয়েছিল। কাজির বাজার ব্রীজ ৫৫টি এবং ক্বীন ব্রীজ ১৮টি সহ সর্বমোট (৫৫+১৮) = ৭৩ টি লাইট পোস্ট অবশিষ্ট রয়েছে।

উক্ত ৭৩টি লাইট পোস্টে বেলসাইন স্থাপনের অনুমতি প্রদান করা হলে [৩"×২"× ২" (সাইট) = ১২ বর্গ ফুট × ৭৩টি = ৮৭৬ বর্গ ফুট × ১৫০/- টাকা হারে] ≈ ১,৩১,৪০০/- (এক লক্ষ একত্রিশ হাজার চারশত) টাকা রাজস্ব আদায় হবে মর্মে সভাকে অবহিত করা হয়। ইতোপূর্বেও এ ধরণের লাইট পোস্টে বেল সাইন স্থাপন করার নজির রয়েছে। কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধি পাবে এ বিবেচনায় ৭৩টি লাইট পোস্টে বেল সাইন স্থাপনের বিষয়ে সকলে সভায় ঐক্যমত পোষণ করেন।

সিদ্ধান্ত: সিলেট মহানগরীর কাজির বাজার ব্রীজ ও ক্বীন ব্রীজে ৭৩টি লাইট পোস্টে বেল সাইন স্থাপনের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (বাস্তবায়নে: প্রধান রাজস্ব কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)

**২.৩ ধোপাদিঘী ওয়াকওয়ে এর অবৈধ স্থাপনা উচ্ছেদ:**

প্রধান রাজস্ব কর্মকর্তা বলেন যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের বিগত ০৩.০১.২০২৩ খ্রি. তারিখের প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক সিলেট সিটি কর্পোরেশনের মালিকানাধীন ধোপাদিঘী ওয়াকওয়ে উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে ১০/০৫/২০২৩ তারিখে মেসার্স ঈশান এন্টারপ্রাইজ, প্রোঃ হাসান আহমদ চৌধুরীকে ৪৫,৫৫,০০০/- (পঁয়তাল্লিশ লক্ষ পঞ্চান্ন হাজার) টাকায় ০১/০৭/২০২৩ হতে ৩০জুন ২০২৮ পর্যন্ত ৫ (পাঁচ) বছর মেয়াদে ইজারা প্রদান করা হয়। ইজারা চুক্তিপত্রের ১০ নং শর্ত অনুযায়ী ২টি অস্থায়ী ফুড কোর্ট স্থাপন করা যাবে মর্মে চুক্তিপত্রে উল্লেখ থাকলেও ইজারা গ্রহীতা মোট ৮টি ফুড কোর্ট স্থাপন করেছেন। বিগত ২৪.০৮.২০২৩ খ্রি. তারিখে স্মারক নং-৪৬.০৭.০০০০.০১৮.৯৯.০৪৮.২২-২৩০৫/৫ মাধ্যমে চুক্তির শর্ত ভঙ্গ করে বিভিন্ন স্থাপনা নির্মাণ করায় ইজারা গ্রহীতাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। তিনি বিগত ২৯.০৮.২০২৩ খ্রি. তারিখে কারণ দর্শানোর জবাব দাখিল করেন। কিন্তু ইজারা গ্রহীতার জবাব

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

সন্তোষজনক প্রতিয়মান না হওয়ায় পরবর্তীতে ০৪.০৯.২০২৩ খ্রি. তারিখে পুনরায় ০৭ (সাত) দিন সময় দিয়ে অবৈধ স্থাপনা নিজ খরচে অপসারণের জন্য পত্র প্রদান করা হয়। ইজারা গ্রহীতা অবৈধ স্থাপনা অপসারণ না করে বিগত ১৩.০৯.২০২৩ খ্রি. তারিখে পুনরায় কারণ দর্শানোর জবাব দাখিল করেন।

তিনি আরো বলেন যে, অবৈধ স্থাপনা বিষয়ে বিগত ০৪.০২.২০২৪ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব আলী আকবর এবং প্রধান রাজস্ব কর্মকর্তা জনাব মোঃ মতিউর রহমান খান বিগত ২৭.০৮.২০২৪ খ্রি. তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে ধোপাদিঘী ওয়াকওয়ে এর অবৈধ স্থাপনা উচ্ছেদ বিষয়ে পরিষদের সাধারণ সভায় উপস্থাপন করা হয়েছে। ইজারার চুক্তির শর্ত ভঙ্গ করে অবৈধ স্থাপনা নির্মাণ করায় অবৈধ অংশটুকু উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সকলে ঐক্যমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** ইজারার চুক্তির শর্ত ভঙ্গ করে অবৈধ স্থাপনা নির্মাণ করায় অবৈধ অংশটুকু উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (বাস্তবায়নে: প্রধান রাজস্ব কর্মকর্তা ও প্রধান প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন)।

**২.৪ সিলেট সিটি কর্পোরেশনের মালিকানাধীন বাগবাড়ী আবসিক প্রকল্পের ৫১ নং প্লট বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এর নিকট বন্ধক রাখার ছাড়পত্র/অনাপত্তি পত্র প্রসঙ্গে:**

প্রধান রাজস্ব কর্মকর্তা বলেন যে, তৎকালীন সিলেট পৌরসভা বিগত ১৯৮৭-৮৮ অর্থ বছরে পৌরসভার নিজস্ব মালিকানাধীন বাগবাড়ী মৌজাস্থিত জে, এল, নং-৯০, জরিপ ছাপা খতিয়ান নং-০৫, সেটেলমেন্ট জরিপ ছাপা নং-৮৯৯ এর অন্তর্গত মোয়াজী ৬.০৫ একর ভূমিতে আবাসিক প্রকল্প গ্রহণ পূর্বক বিভিন্ন পরিমাপের ৮৫ টি প্লট বরাদ্দ দেয়ার প্রস্তাব মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ শাখা-৬ এর স্মারক নং-এড-১২/৮৬/৯৭ তাং-২৮.০৩.১৯৮৮ অনুযায়ী প্রকল্পটি অনুমোদিত হয়। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং-শাখা-৬/১২/৮৬/২১৪ তাং-২৩/০৫/১৯৮৯ মাধ্যমে জেলা প্রশাসক, সিলেট-কে সভাপতি, পৌর প্রশাসক এবং নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলী, পিডব্লিউডি-কে সদস্য এবং পৌরসভার সচিবকে সদস্য সচিব করে প্লট বরাদ্দ কমিটি গঠন করা হয়। বিগত ১৭.০৬.১৯৮৯ খ্রি: তারিখে প্লট বরাদ্দ কমিটির সভায় সিদ্ধান্তের প্রেক্ষিতে প্লট বরাদ্দের নীতিমালাসহ লটারীর বিজ্ঞপ্তি বিভিন্ন স্থানীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়। গত ০৬.০৮.১৯৮৯ খ্রি. তারিখে বিভিন্ন পেশাজীবিদের মধ্যে লটারীর মাধ্যমে প্লট বরাদ্দের লটারীর ড্র অনুষ্ঠিত হয়। লটারীর মাধ্যমে জনাব আখতারুন্নেছা খাতুন, স্বামী-মৃত মনসুরুল গনি, সাং-পুরাতন মেডিক্যাল কলোনী, সিলেট ৫১ নং প্লটটি বরাদ্দপ্রাপ্ত হন। উক্ত প্লটের জমির পরিমান মোয়াজি ৩.০০ কাঠা অর্থ্যাৎ ০.০৪৯৬ শতক।

তিনি আরো বলেন যে, বিগত ৩০.০৬.২০০৪ খ্রি: তারিখে উক্ত প্লটের চূড়ান্ত জরিপে দখল হস্তান্তরপত্র প্রদান করা হয়। বিগত ১৭.০৯.২০১৩ খ্রি: তারিখে বেগম সাহেদা সুলতানা রহমান, স্বামী-মো: সাইদুর রহমান, সাং-মউজপুর (জাহানপুর) ডাক ও থানা-মোগলাবাজার, সিলেট বরাবরে মং-৯,৯২০/-টাকা ফিস আদায়ে হস্তান্তর অনুমতি প্রদান করা হয়। পরবর্তীতে দলিল নং-১১৪১১/১৫ এর মাধ্যমে হস্তান্তরিত দলিল সম্পাদিত হয়। বিল নং-৫৪৫১৭ তারিখ ১০.০৫.২০২৩ এর মাধ্যমে জুন/২০২৪ খ্রি: পর্যন্ত রক্ষণাবেক্ষণ টেক্স আদায় করা হয়েছে। বিগত ২৯.১২.২০২২ খ্রি: তারিখে স্মারক নং-২৮৫৬/২ ম্যাধমে ২৪,৮০০/-টাকা ফি আদায়ে জনাব দেব কল্যাণ ধর বাপন গং বরাবর হস্তান্তর অনুমতি প্রদান করা হয়। দলিল নং-৮০৭/২৩ খ্রি: মাধ্যমে হস্তান্তর দলিল সম্পাদিত হয়। বিগত ২৭.০৮.২০২৪ খ্রি: তারিখে জনাব দেব কল্যান ধর বাপন গং বর্ণিত প্লট বন্ধক রেখে ঋণ গ্রহণের জন্য অনুমতি চেয়ে আবেদন জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তা ঐক্যমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** সিলেট সিটি কর্পোরেশনের মালিকানাধীন বাগবাড়ী আবসিক প্রকল্পের ৫১ নং প্লট বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এর নিকট বন্ধক রাখার ছাড়পত্র/অনাপত্তি পত্র প্রদানের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (বাস্তবায়নে: প্রধান রাজস্ব কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

**২.৫ সিটি কর্পোরেশন এলাকায় হোটেল ও রেস্তোরায় লাইসেন্স নবায়ন প্রসঙ্গে:**

প্রধান রাজস্ব কর্মকর্তা বলেন যে, বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় ও জেলা প্রশাসকের কার্যালয় সিলেট এর ০৮.০২.২০২৪ খ্রি. ও ১৫.০৩.২০২৪ খ্রি. তারিখের পত্রের প্রেক্ষিতে সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক হোটেল, রিসোর্ট,

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

মোটেল, রেস্ট হাউজ, গেস্ট হাউজ বা রেস্তোরাঁর জেলা প্রশাসক কার্যালয়ের নিবন্ধন ব্যতিত ট্রেড লাইসেন্সসমূহ নবায়ন স্থগিত রাখা হয়। সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক ট্রেড লাইসেন্স নবায়ন স্থগিত করার কারণে ব্যবসায়ীগণ ইনকাম ট্যাক্স/ভ্যাট প্রদানে জটিলতার শিকার হচ্ছেন বলে তারা জানিয়েছেন। অনেকেরই ব্যাংক ঋণ থাকায় তারা সে বিষয়ে জটিলতায় পড়েছেন মর্মে ক্ষোভ প্রকাশ করেছেন। ব্যবসায়ী হিসেবে বিদেশ ভ্রমণ, জরুরি চিকিৎসা গ্রহণ বা অন্যান্য জরুরি কাজে বিদেশ গমণে ভোগান্তির সম্মুখীন হচ্ছেন। সর্বোপরি ব্যবসায়ীগণ আর্থিকভাবে বেশ ক্ষতিগ্রস্থ হচ্ছেন। এতদসংক্রান্ত বিষয়ে ৩১৬১ নং স্মারকে ২৩.১০.২০২৪ খ্রি. তারিখ সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে ট্রেড লাইসেন্স নবায়নের বিষয়টি পুনবিবেচনা করার জন্য পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়েছে।

তিনি আরো বলেন যে, ট্রেড লাইসেন্স নবায়ন স্থগিতের কারণে সিলেট সিটি কর্পোরশনের কর্মকর্তা/কর্মচারীরা রাজস্ব আদায়ে মাঠ পর্যায়ে গমণ করলে জনরোষের কবলে পড়ছেন। ব্যবসায়ীদের মাঝে বিরূপ প্রতিক্রিয়া ও ক্ষোভ সৃষ্টি হয়েছে। ট্রেড লাইসেন্স নবায়ন স্থগিতের কারণে সিলেট সিটি কর্পোরেশন বিপুল পরিমাণ রাজস্ব আহরণ হতে বঞ্চিত হচ্ছে। তাছাড়া স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৮৪ এ প্রদত্ত ক্ষমতাবলে ও সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল ২০১৬ অনুযায়ী সিটি কর্পোরেশনে ট্রেড লাইসেন্স ইস্যু বা নবায়ন করা হয়। উক্ত আইন বা বিধিতে এ বিষয়ে ট্রেড লাইসেন্স স্থগিত করার কোন নির্দেশনা নেই।

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সিলেট মহানগরীর ব্যবসায়ীবৃন্দের আর্থিক ক্ষতি বিবেচনা, ক্ষোভ প্রশমনে এবং সিলেট সিটি কর্পোরেশনের রাজস্ব আদায়ের স্বার্থে বর্ণিত ব্যবসা সমূহের ২০২৪-২০২৫ অর্থবছরের ট্রেড লাইসেন্স সারচার্জ ব্যতিত ৩১শে ডিসেম্বর ২০২৪ খ্রি. এর মধ্যে নবায়নের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ অভিমত ব্যক্ত করেন।

**সিদ্ধান্ত:** সিলেট সিটি কর্পোরেশনের রাজস্ব আদায়ের স্বার্থে ২০২৪-২০২৫ অর্থবছরের ট্রেড লাইসেন্স সারচার্জ ব্যতিত ৩১শে ডিসেম্বর ২০২৪ খ্রি. এর মধ্যে ~~নবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে (বাস্তবায়নে: প্রধান রাজস্ব কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।~~ [illegible]

**২.৬ স্বাস্থ্য বিভাগের বিভিন্ন কার্যক্রম পরিচালনা ও মাসিক সভায় অবহিতকরণ এবং অনুমোদন প্রদান:**

প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ইউনিসেফ আর্থিক সহযোগিতায় MACP প্রজেক্টের অধীনে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য জুলাই-সেপ্টেম্বর ২০২৪ সময়ের জন্য অগ্রিম ২০,১৯,৫৫০/- (বিশ লক্ষ উনিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা উত্তোলনের জন্য নথি অনুমোদন হয়ে চেক স্বাক্ষরের পর্যায়ে রয়েছে। উত্তোলিত টাকা ব্যয় নির্বাহের পর সমন্বয় করা হবে। ইউনিসেফ এর অর্থায়নে ৩০টি স্কুলে Adolescent Health এবং ২৪টি স্কুলে Adolescent Nutrition এর কার্যক্রম চলমান রয়েছে। উক্ত কার্যক্রমের অনুকূলে ইউনিসেফ থেকে বরাদ্দ রয়েছে। ইউনিসেফ আর্থিক সহযোগিতায় MACP প্রজেক্টের অধীনে টিকাদান এবং প্রাথমিক স্বাস্থ্য সেবা কাজে নিয়োজিত ৪১ জন স্বাস্থ্য কর্মীর মাসিক বেতন বাবদ ৬,১৫,২৫০/- (ছয় লক্ষ পনের হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য সমন্বয় শর্তে বরাদ্দকৃত অর্থ উত্তোলনেরও প্রস্তাব করেন।

তাছাড়া তিনি আরো বলেন যে, HPV টিকাদান ক্যাম্পেইন ২০২৪ পালন উপলক্ষ্যে ডাক্তার, সুপারভাইজার এবং টিকাদান কর্মীদের প্রশিক্ষণ, প্রশিক্ষণের বিভিন্ন ব্যয় সংকোলান বাবদ স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা হতে প্রাপ্ত ৯,০৯,১২০/- (নয় লক্ষ নয় হাজার একশত বিশ) অগ্রিম উত্তোলন এবং ৯টি নগর প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্রের মাসিক ভাড়া ১৫০০০/-(পনের হাজার) টাকা হিসাবে (১৫,০০০ X ৯) =১,৩৫,০০০/- (এক লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা এবং ৯ জন পরিচ্ছন্নকর্মীর মাসিক ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা হিসাবে (৩,৫০০ X ৯) = ৩১,৫০০/- (একত্রিশ হাজার পাঁচশত) টাকা অগ্রিম উত্তোলনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

প্রধান স্বাস্থ্য কর্মকর্তা আরো বলেন যে, জন্ম-মৃত্যু নিবন্ধন, রেজিষ্ট্রার জেনারেলের অফিস থেকে ২০২৩-২০২৪ অর্থবছরে প্রাপ্ত টাকা হতে ৬টি জোনের জন্য কম্পিউটার, কালার প্রিন্টার এবং আসবাবপত্র ক্রয় করার বরাদ্দ প্রদান করা হয়েছে। উল্লিখিত অফিস সরঞ্জামাদি ক্রয়ের নিমিত্ত অগ্রিম উত্তোলনের বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করা হয়। এ বিষয়ে সভায়

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

বিস্তারিত আলোচনা করা হয়। উপরোল্লিখিত বিষয়গুলো অফিস পরিচালনা সংক্রান্ত। তাছাড়া উক্ত কার্যক্রম সম্পাদনের নিমিত্ত বিভিন্ন প্রকল্পের মাধ্যমে নির্ধারিত বরাদ্দ প্রদান করা হয়। অফিসের নিয়মিত কার্যক্রম বিধায় উল্লিখিত ব্যয় সম্পাদনের বিষয় সভায় উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** অফিসের নিয়মিত ব্যয় ও বেতন ভাতাদি বিধি মোতাবেক পরিশোধ করতে হবে (বাস্তবায়নে: প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

**২.৭ শাখা কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে:**

প্রধান স্বাস্থ্য কর্মকর্তা জানান, বিয়ানীবাজার ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতাল ফাউন্ডেশন-এর ক্রমবর্ধমান সেবা বৃদ্ধির লক্ষ্যে সিলেট সিটি কর্পোরেশন এলাকায় তথা সর্বসাধারণকে আধুনিক উন্নত ও মানসম্পন্ন সেবা প্রদানের জন্য সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত ওসমান মিয়া মার্চেন্ট মা ও শিশু হাসপাতাল-এর বর্ধিত অংশ বিয়ানীবাজার ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতাল ফাউন্ডেশনের অনুকূলে বরাদ্দ করার জন্য হাসপাতাল কর্তৃপক্ষ সিলেট সিটি কর্পোরেশন-এর প্রশাসক বরাবর আবেদন দাখিল করেছেন। সিলেট জেলার বিয়ানীবাজার উপজেলায় প্রবাসীগণের উদ্যোগে ও আর্থিক সহায়তায় পরিচালিত বিয়ানীবাজার ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতাল ফাউন্ডেশন সম্পূর্ণ অলাভজনক স্বাস্থ্য সেবা মূলক প্রতিষ্ঠান। সমাজের সর্বস্তরের মানুষের চিকিৎসা সেবা নিশ্চিতের পাশাপাশি দরিদ্র ও অসহায় রোগীগণকে বিনামূল্যে এবং সর্বসাধারণকে সাশ্রয়ীমূল্যে সাধারণ চিকিৎসাসহ ক্যান্সার রোগ নির্ণয় ও চিকিৎসা সেবা প্রদানই হচ্ছে প্রতিষ্ঠানটির একমাত্র লক্ষ্য ও উদ্দেশ্য।

২০১৫ সালে হাসপাতালটির যাত্রা শুরুর পর থেকে ক্রমবর্ধমানভাবে দেশী-বিদেশী প্রখ্যাত চিকিৎসকগণের তত্ত্বাবধানে এবং স্বাস্থ্য অধিদপ্তরসহ প্রয়োজনীয় অন্যান্য অধিদপ্তরসমূহের সনদ ও অনুমোদন সাপেক্ষে হাসপাতালটি ২৪ ঘন্টা অত্যন্ত সুনামের সাথে নিরবিচ্ছিন্নভাবে সেবা প্রদান করে চলেছে। সাধারণ চিকিৎসা সেবাসহ মরণব্যাধি ক্যান্সারের প্রাথমিক শনাক্তকরণ এবং ক্যান্সারের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ ও সচেতনতা সৃষ্টির লক্ষ্যে হাসপাতাল কর্তৃক বহুমুখী ক্যান্সার সচেতনতামূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে। এরই ধারাবাহিকতায় জাতীয় জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার স্ক্রীনিং ও প্রশিক্ষণ কেন্দ্রের তত্ত্বাবধানে হাসপাতালের নিজস্ব প্রশিক্ষিত চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীগণের মাধ্যমে হাসপাতাল অভ্যন্তরে ও মাঠ পর্যায়ে বিনামূল্যে জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার স্ক্রীনিং সেবা এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের নারী শিক্ষার্থীদের বিনামূল্যে জরায়ু-মুখ ক্যান্সার প্রতিরোধক ভ্যাকসিন এবং স্বাস্থ্য সচেতনতা প্রদানের পাশাপাশি প্রত্যন্ত অঞ্চলের সুবিধা বঞ্চিত মানুষের চিকিৎসা সেবা প্রদানের জন্য নিয়মিতভাবে বিনামূল্যে চিকিৎসা সেবা ক্যাম্প পরিচালিত হচ্ছে। প্রতিদিনই হাসপাতালের বহিঃবিভাগে সাধারণ রোগীগণকে সাশ্রয়ীমূল্যে সেবা প্রদানের পাশাপাশি দরিদ্র ও অসহায় রোগীগণকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। আর্থিকভাবে অসচ্ছল ক্যান্সারসহ অন্যান্য মুমুর্ষু রোগীগণকে হাসপাতালের অন্তঃবিভাগে ভর্তি রেখে হাসপাতালের নিজস্ব "ক্যান্সার হেল্প ডেস্ক", সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের হাসপাতাল সমাজ সেবা কার্যক্রম 'রোগীকল্যাণ সমিতি' এবং 'বিয়ানীবাজার ক্যান্সার ফাউন্ডেশন-এর 'দরিদ্র তহবিল' কর্তৃক যৌথভাবে চিকিৎসা সেবা ও সহায়তা প্রদান করা হচ্ছে।

জরুরি প্রয়োজন সাপেক্ষে দেশের সরকারি ও বেসরকারি স্বনামধন্য হাসপাতালে প্রেরণ করে প্রয়োজনীয় চিকিৎসা সেবা নিশ্চিত করা হচ্ছে। বিয়ানীবাজারের মতো প্রত্যন্ত অঞ্চলে সর্বাধুনিক এন্ডোসকপি, কোলসকপি ও পলিপেক্টমি সেবার মাধ্যমে পরিপাকতন্ত্র ক্যান্সার নির্ণয় ও সেবা প্রদান করা হচ্ছে। বিগত বৈশ্বিক মহামারীর (কোভিড-১৯) দুর্যোগময় পরিস্থিতিতে আইসোলেশন কেন্দ্র স্থাপন এবং দরিদ্র কোভিড আক্রান্ত রোগীগণকে বিনামূল্যে সেবা প্রদান করা হয়। বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগময় মুহুর্তে হাসপাতাল কর্তৃক বিনামূল্যে ভ্রাম্যমাণ মেডিকেল ক্যাম্প পরিচালনাসহ বিভিন্ন সামাজিক সহযোগিতা ও সহায়তা প্রদান করে চলেছে। বিয়ানীবাজার ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতাল ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত চলমান স্বাস্থ্য সেবাকে বেগবান ও জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার লক্ষ্যে হাসপাতাল কর্তৃপক্ষ সিলেটের বিভাগীয় শহরে অত্যাধুনিক একটি শাখা স্থাপন করতে আগ্রহী।

জনসাধারণের স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত নগরীর ১৮ নং ওয়ার্ড-এর 'ওসমান মিয়া মাচেন্ট মা ও শিশু হাসপাতাল'- এর বর্ধিত অংশ অব্যবহৃত অবস্থায় রয়েছে। বিয়ানীবাজার ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতাল ফাউন্ডেশন-এর ক্রমবর্ধমান সেবা বৃদ্ধির লক্ষ্যে সিলেট সিটি কর্পোরেশন এলাকার তথা সর্বসাধারণকে আধুনিক উন্নত ও মানসম্পন্ন সেবা প্রদানের জন্য সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত 'ওসমান

সিলেট সিটি কর্পোরেশন
নগর ভবন, সিলেট।
ওয়েবসাইট: www.scc.gov.bd

মিয়া মার্চেন্ট মা ও শিশু হাসপাতাল'-এর বর্ধিত অংশ বিয়ানীবাজার ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতাল ফাউন্ডেশনের অনুকূলে বরাদ্দ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার জন্য হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক আবেদন করা হয়। উক্ত আবেদনের প্রেক্ষিতে প্রশাসক, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং প্রধান প্রকৌশলী কর্তৃক ওসমান মিয়া মার্চেন্ট মা ও শিশু হাসপাতালটি পরিদর্শন করা হয়। হাসপাতালের আয়তন, ভাড়ার পরিমাণ, বিদ্যুতের জামানত এবং আইনগত মতামত প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত প্রস্তাবটি যাচাই বাছাইপূর্বক পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রদানের জন্য সিলেট সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, প্রধান রাজস্ব কর্মকর্তা, প্রধান সম্পত্তি কর্মকর্তা এবং গণপূর্ত অধিদপ্তর, সিলেট ও স্বাস্থ্য অধিদপ্তর, সিলেট-এর প্রতিনিধির সমন্বয়ে গঠিত ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়। তাছাড়া, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ অনুযায়ী সরকারের পূর্বানুমতি গ্রহণের নিমিত্ত প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:**

(ক) ওসমান মিয়া মার্চেন্ট মা ও শিশু হাসপাতালের আয়তন, ভাড়ার পরিমাণ, বিদ্যুতের জামানত এবং আইনগত মতামত প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের নিকট পত্র প্রেরণ করতে হবে (বাস্তবায়নে: প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

(খ) বিয়ানীবাজার ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতাল ফাউন্ডেশন-এর প্রস্তাবটি যাচাই বাছাইপূর্বক সুপারিশসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রদানের জন্য সিলেট সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, প্রধান রাজস্ব কর্মকর্তা, প্রধান সম্পত্তি কর্মকর্তা এবং গণপূর্ত অধিদপ্তর, সিলেট ও স্বাস্থ্য অধিদপ্তর, সিলেট-এর প্রতিনিধির সমন্বয়ে গঠিত ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে। কমিটি ৫ (পাঁচ) কার্য্য দিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন (বাস্তবায়নে: প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

(গ) গঠিত কমিটির সুপারিশের প্রেক্ষিতে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ অনুযায়ী সরকারের পূর্বানুমতি গ্রহণের নিমিত্ত প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে (বাস্তবায়নে: প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

**২.৮ সিলেট সিটি কর্পোরেশন এলাকায় মশক নিয়ন্ত্রণে মশার ঔষধ ক্রয় সংক্রান্ত:**

প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বর্তমানে জরুরীভিত্তিতে সিলেট সিটি কর্পোরেশনের মশক নিধন কাজে ব্যবহৃত DPM পদ্ধতিতে ২০০ লিটার কীটনাশক ঔষধ লার্ভিসাইড (টেমিফস ৫০%) এর ক্রয় কার্যক্রম ৪,৮৬,২০০/- (চার লক্ষ ছিয়াশি হাজার দুইশত) টাকা ব্যয়ে সম্পাদন করা হয়েছে। এছাড়া, বর্তমানে জরুরীভিত্তিতে সিলেট সিটি কর্পোরেশনের মশক নিধন কাজে ব্যবহৃত DPM পদ্ধতিতে ১২০০ লিটার কীটনাশক ঔষধ এডাল্টিসাইড (ম্যালাথিয়ন ৫%) এর ক্রয় কার্যক্রম ৪,৯৮,০০০/- (চার লক্ষ আটানব্বই হাজার) টাকা ব্যয়ে সম্পাদন করা হয়েছে। গত অর্থ বছরে মশক নিয়ন্ত্রণে নিমিত্ত কোন ঔষধ ক্রয় করা হয়নি। বর্তমানে সারা দেশের ডেঙ্গু পরিস্থিতি অবনতি হওয়ায় এবং সিলেট শহরে ব্যাপকভাবে মশার পরিমাণ বৃদ্ধি পাওয়ায় উক্ত ক্রয় কার্যক্রম সম্পাদন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।

তিনি আরো বলেন যে, বিগত ২৪.০৩.২০২৪ খ্রি. তারিখে অনুমোদন সাপেক্ষে সিলেট সিটি কর্পোরেশনের মশক নিধন কাজে ব্যবহৃত DPM পদ্ধতিতে ২০০ লিটার কীটনাশক ঔষধ লার্ভিসাইড (টেমিফস ৫০%) এর ৪,৮৬,২০০/- (চার লক্ষ ছিয়াশি হাজার দুইশত) টাকার কীটনাশক এবং ১৪০০ লিটার কীটনাশক ঔষধ এডাল্টিসাইড (ম্যালাথিয়ন ৫%) ৪,৯৭,০০০/- (চার লক্ষ সাতানব্বই হাজার) টাকার ক্রয় কার্যক্রম সম্পাদন করা হয়েছিল। কিন্তু এখনো পর্যন্ত বিলগুলো পরিশোধ করা সম্ভব হয়নি। উক্ত বিলগুলো পরিশোধের বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। জরুরীভিত্তিতে উক্ত বিলগুলো পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপস্থাপন করেন। তিনি আরো বলেন, মশক নিধন অভিযান পরিচালনার জন্য G to G পদ্ধতিতে ৪০০০ লিটার লার্ভিসাইড এবং ২৫০০০ লিটার এডাল্টিসাইড জরুরী ভিত্তিতে ক্রয় কার্যক্রম সম্পাদন করা প্রয়োজন মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। দেশের অন্যান্য সিটি কর্পোরেশনে কোন পদ্ধতিতে ও কিভাবে মশক নিধনের ঔষধ ক্রয় করা হয় এ বিষয়ে তথ্য সংগ্রহপূর্বক বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি হতে জি টু জি পদ্ধতিতে ঔষধ ক্রয় করার বিষয়ে সভায় ঐক্যমত পোষণ করা হয়।

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

**সিদ্ধান্ত:**

(ক) DPM পদ্ধতিতে ক্রয়কৃত ২০০ লিটার কীটনাশক ঔষধ লার্ভিসাইড (টেমিফস ৫০%) এর ব্যয় বাবদ ৪,৮৬,২০০/- (চার লক্ষ ছিয়াশি হাজার দুইশত) টাকা এবং ১২০০ লিটার কীটনাশক ঔষধ এডাল্টিসাইড (ম্যালাথিয়ন ৫%) এর ব্যয় বাবদ ৪,৯৮,০০০/- (চার লক্ষ আটানব্বই হাজার) টাকার বিল পরিশোধ করতে হবে (বাস্তবায়নে: প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

(খ) বিগত ২৪.০৩.২০২৪ খ্রি. তারিখে ক্রয়কৃত ২০০ লিটার কীটনাশক ঔষধ লার্ভিসাইড (টেমিফস ৫০%) এর ব্যয় বাবদ ৪,৮৬,২০০/- (চার লক্ষ ছিয়াশি হাজার দুইশত) টাকা এবং ১৪০০ লিটার কীটনাশক ঔষধ এডাল্টিসাইড (ম্যালাথিয়ন ৫%) এর ব্যয় বাবদ ৪,৯৭,০০০/- (চার লক্ষ সাতানব্বই হাজার) টাকার বিল পরিশোধ করতে হবে (বাস্তবায়নে: প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

(গ) দেশের অন্যান্য সিটি কর্পোরেশনে কোন পদ্ধতিতে ও কিভাবে মশক নিধনের ঔষধ ক্রয় করা হয় এ বিষয়ে তথ্য সংগ্রহপূর্বক বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি হতে জি টু জি পদ্ধতিতে ঔষধ ক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (বাস্তবায়নে: প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

**২.৯ প্রধান প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন তার দপ্তরের বিভিন্ন প্রকল্পের উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি এবং প্রকিউরমেন্ট সংক্রান্ত কার্যাদির বিস্তারিত তথ্যাদি:**

প্রধান প্রকৌশলী বলেন "সিলেট সিটি কর্পোরেশনের সম্প্রসারিত এলাকাসহ মহানগরীর সমন্বিত অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পের ক্রয় পরিকল্পনা অনুযায়ী ইলাশকান্দিতে ৪৮ মি: × ৭.৬২ মি: বক্স ড্রেন নির্মাণ কাজটি ২৫১.৮৪ লক্ষ টাকা ব্যয়ে, মিরাবাজার নোয়াপাড়া রাস্তা এসফল্ট দ্বারা ৪১০.৮০ মি: × ৪.২০ মি: উন্নয়ন কাজ ৬৫.৭৬৭১ লক্ষ টাকা ব্যয়ে, মেজরটিলা টেক্সটাইল রাস্তায় ৫০০ মি: বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ ৫১.০৮ লক্ষ টাকা ব্যয়ে প্রস্তাবিত কার্যক্রম OTM পদ্ধতিতে বাস্তবায়ন, আম্বরখানা ট্রাফিক পুলিশ বক্স নির্মাণের জন্য ২০ ফুট বাথরুম অফিস কন্টেইনার সরবরাহের জন্য পিপিআর-২০০৮ এর ৭৬ (ট) ধারা মোতাবেক DPM পদ্ধতি অনুসরণ করে ৪.৭৬ লক্ষ টাকা ব্যয়ে কাজ বাস্তবায়ন, ওসমান মিয়া মার্চেন্ট মা ও শিশু হাসপাতালে ৫.২৫ লক্ষ টাকা ব্যয়ে ভর্তি রোগীদের জন্য বেড, লকার ও মেট্রেস ক্রয়, ৩.৩০৮৫ লক্ষ টাকা ব্যয়ে উক্ত হাসপাতালে অপারেশন কাজে ব্যবহৃত মালামাল ক্রয়, ৯.৭৩ লক্ষ টাকা উক্ত হাসপাতালে সার্জিক্যাল ইনস্ট্রুমেন্ট ক্রয় কাজটি OTM পদ্ধতিতে নিজস্ব/এডিপি অর্থ হতে কার্যক্রম বাস্তবায়ন করা হবে।

তাছাড়া তিনি আরো বলেন যে, যুগ্ম জেলা জজ ও ভারপ্রাপ্ত জজ এর ২৫/০৪/২০২৪ তারিখের আবেদনের প্রেক্ষিতে ৮.৮৭ লক্ষ টাকা ব্যয়ে আদালত চত্বরের জরাজীর্ণ রাস্তাসমূহ সংস্কারের লক্ষ্যে ই-জিপি তে কোটেশন আহবান করা হয়। সর্বনিম্ন দরদাতা চৌধুরী ষ্টার, নয়াসড়ক, সিলেট সর্বনিম্ন দর ৮.৭৪ লক্ষ টাকা দাখিল করেছেন। TEC কর্তৃক সুপারিশ করা হয়েছে। HOPE কর্তৃক অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। রাজস্ব ফান্ডের মাধ্যমে উক্ত কার্যক্রম বাস্তবায়ন করা হবে। ২০২৪ সালের মে/জুন মাসের বন্যায় সিলেট মহানগরীর অধিকাংশ ওয়ার্ড প্লাবিত হয়। বন্যার কারণ ও এতদসংক্রান্ত তথ্যাদি সংরক্ষণের লক্ষ্যে DPM পদ্ধতিতে ৩.১৭ লক্ষ টাকা ব্যয়ে ড্রোন সার্ভে করার কার্যক্রম এবং সিলেট সিটি কর্পোরেশনের আধুনিক বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে স্থাপনকৃত ইকুইমেন্টসমূহের রক্ষণাবেক্ষণ ও টুলস সরবরাহ করার নিমিত্ত OTM পদ্ধতিতে ১.৬০৯২ কোটি টাকা ব্যয়ে কার্যক্রম বাস্তবায়নের লক্ষে সভায় উপস্থাপন করা হয়।

উপরোক্ত বিষয়গুলো সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপস্থাপিত কার্যক্রমগুলো বিভিন্ন প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন করা হবে। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক উক্ত কার্যক্রমগুলো বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ঐক্যমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** প্রস্তাবিত কার্যক্রমগুলো বিভিন্ন প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন করা হবে বিধায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে (বাস্তবায়নে: প্রধান প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন)।

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

**২.১০ জনাব আলী আকবর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন পানি সরবরাহ শাখার জরুরী রক্ষণাবেক্ষণসহ নিম্নোক্ত তথ্যাদি সভায় উপস্থাপন করেন:**

২০২৪ সনে কেবল নলকূপ স্থাপনের অনুমোদন ফি ধার্য্য আদায় পূর্বক বকেয়া বার্ষিক নবায়ন ফি মওকুফ করে ২০২৫ সাল থেকে নবায়ন ফিস আদায় করার ব্যাপারে বিবেচনা সংক্রান্ত শাহজালাল উপশহর কল্যাণ পরিষদ-এর আবেদন সভায় উপস্থাপন করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। নলকূপ স্থাপনের অনুমতি প্রদান করার পর হতে নবায়ন ফি ও বকেয়া আদায়ের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

কুশিঘাট ট্রিটমেন্ট প্লান্টের মটর মেরামত, প্যানেল বোর্ডে বিভিন্ন ইলেকট্রিক্যাল ইকুইপমেন্ট স্থাপন, গেইট বাল্ব মেরামত ও প্রতিস্থাপন, সেডিমেন্টেশন ট্যাংক পরিষ্কার ও মেরামত ইত্যাদি কাজ ৬১,০৬,২০৬/- টাকা ব্যয়ে OTM পদ্ধতিতে বাস্তবায়ন, নগর ভবনের বাথরুমসমূহের ফিক্সার ও ফিটিংস সংস্কার কাজের ৪,৩৮,৫৫৩/- টাকা এবং ২"× ৫" ডায়ার ১টি গভীর নলকূপ স্থাপন কাজের বিল ২,৯৮,৩৯০/- টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

উপরোক্ত বিষয়গুলো সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক উক্ত কার্যক্রমগুলো বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ঐক্যমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** উপস্থাপিত কার্যক্রমগুলো সিলেট সিটি কর্পোরেশনের নিয়মিত কার্যক্রম বিধায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা অনুসরণপূর্বক যথাযথভাবে বাস্তবায়নে করতে হবে (বাস্তবায়নে: প্রধান প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন)।

**২.১১ সিলেটের বন্যা পরিস্থিতি নিয়ে জরুরি বিশেষ সভার দুপুরের খাবার বাবদ ব্যয়কৃত অর্থ পরিশোধ সংক্রান্ত:**

প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, গত ১৮.০৬.২০২৪ তারিখ ভারপ্রাপ্ত মেয়র মহোদয়ের সভাপতিত্বে সিলেট সিটি কর্পোরেশনের সভাকক্ষে বন্যা পরিস্থিতি মোকাবেলায় এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সিলেট সিটি কর্পোরেশনের সম্মানিত সাধারণ/সংরক্ষিত ওয়ার্ডের সকল কাউন্সিলর ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উক্ত সভায় প্রেসিডেন্ট রেস্টুরেন্ট, মেন্দিবাগ, সিলেট হতে ১০০ জনের খাবার সরবরাহ করা হয়। এতে সর্বমোট (১০০X৪৯৫)=৪৯,৫০০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়। অর্থ মন্ত্রণালয় কর্তৃক আর্থিক ক্ষমতা অর্পণ (প্রশাসনিক ব্যয়) (দাপ্তরিক সভা/অন্যান্য) সভায় মধ্যাহ্ন ভোজের ক্ষেত্রে জনপ্রতি ৫০০/- (পাঁচশত) টাকা হারে সর্বমোট ১০০ জনের ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকা খরচের নির্দেশনা রয়েছে। উক্ত বিল পরিশোধ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উক্ত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ঐক্যমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** বন্যা পরিস্থিতি নিয়ে জরুরী বিশেষ সভার ব্যয় বাবদ ৪৯,৫০০/- টাকা পরিশোধ করতে হবে (বাস্তবায়নে: প্রশাসনিক কর্মকর্তা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

**২.১২ "শাহজালাল রানার্স কমিউনিটি"-এর উদ্যোগে আয়োজিত হাফ ম্যারাথন অনুষ্ঠানে আর্থিক সহযোগিতা প্রসঙ্গে:**

প্রধান নির্বাহী কর্মকর্তা জানান যে, জনাব গোলাম মতুর্জা সেলিম, পরিচালক, শাহজালাল রানার্স কমিউনিটি, সিলেট স্পন্সরের জন্য প্রশাসক মহোদয়ের বরাবরে একটি আবেদন দাখিলে করেছেন। আগামী ২৯শে নভেম্বর ২০২৪ সিলেট নগরীতে একটি হাফ ম্যারাথন আয়োজনের উদ্যোগ নিয়েছে যা সুস্থ সংস্কৃতির প্রচার ও প্রসারে নিয়ামক ভূমিকা পালন করবে। তাছাড়া সুস্থ দেহ ও মনের জন্যে ব্যায়ামের কোনা বিকল্প নেই। ম্যারাথনে সম্ভাব্য প্রায় ৮০০ জন অংশগ্রহণ করবেন। হাফ ম্যারাথন অনুষ্ঠানে আর্থিক সহযোগিতা হিসেবে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা প্রদান ও অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত অনুষ্ঠানে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

**সিদ্ধান্ত:** "শাহজালাল রানার্স কমিউনিটি"-এর উদ্যোগে আয়োজিত হাফ ম্যারাথন অনুষ্ঠানে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা আর্থিক সহায়তা প্রদান করতে হবে (বাস্তবায়নে: হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

**২.১৩ হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক অক্টোবর/২০২৪ মাসে বেতন বাবদ ব্যয়িত অর্থের বিবরণ:**

হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন সভাকে অবহিত করেন যে, অক্টোবর/২০২৪ মাসে ২৬টি শাখার কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতাদি বাবদ ৮৮,৭০,৫০১/- টাকা এবং পানি শাখায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতা বাবদ ২৩,৮৫,১২৭/- টাকা, টিওরবাড়ি জামে মসজিদ স্টাফদের বেতন ২১,০০০/-, আঞ্চলিক অফিসে কর্মরত কর্মচারীদের বেতন ৩,১১,০৫০/-, কুইটুক ট্রিটমেন্ট প্লান্ট-এর স্টাফদের বেতন ৩,৪৯,০০০/-, ধোপাদিঘীর পূর্বপাড় জামে মসজিদ ও সিটি কর্পোরেশন পাঞ্জেগানা মসজিদের স্টাফদের বেতন ৭৯,৫০০/-, কুমারগাঁও প্রাথমিক বিদ্যালয়ের স্টাফদের বেতন ৩২,৫০০/-, বর্ণমালা সিটি একাডেমী স্টাফদের বেতন ২,২৪,১০০/-, ভোলানন্দ নৈশ উচ্চ বিদ্যালয় স্টাফদের বেতন ১,২৫,৫০০/-, সিটি বেবী কেয়ার একাডেমী স্টাফদের বেতন ১,২৬,২০০/-, বীরেশ চন্দ্র উচ্চ বিদ্যালয় স্টাফদের বেতন ২,৫৪,১৫০/-, টুলটিকর, কুচাই ও বরইকান্দি ইউনিয়নের স্টাফদের বেতন ২৬,৫০০/-, বস্তি উন্নয়ন শাখার স্বাস্থ্যকর্মীদের বেতন ৫২,০০০/-, বস্তি উন্নয়ন স্কুলের শিক্ষিকাদের বেতন ১,০৫,০০০/- এবং ওয়ার্ড কার্যালয়সমূহে কর্মরত ওয়ার্ড সচিব ও অফিস সহায়কদের বেতন ১৩,৭৯,১৯০/- টাকা পরিশোধ করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সিলেট সিটি কর্পোরেশনের নিয়মিত কার্যক্রম হিসেবে উক্ত ব্যয় পরিশোধ করার বিষয়ে সভায় সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ঐক্যমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** অক্টোবর/২০২৪ মাসের বিভিন্ন খাতে ব্যয়িত অর্থ পরিশোধ করতে হবে (বাস্তবায়নে: হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

২.১৪ নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) জানান যে, সিলেট সিটি কর্পোরেশনের কাউন্সিলর কার্যালয়সমূহে স্থাপিত ইন্টারনেট সংযোগের ৩ মাসের (জুলাই মাসে ৪১টি, আগস্ট মাসে ৪১টি এবং সেপ্টেম্বর মাসে ৪২টি) ইন্টারনেট বিল বাবদ ১,৪০,০০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা পরিশোধের বিল দাখিল করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত বিল পরিশোধ করার বিষয়ে সভায় সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ঐক্যমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** সিলেট সিটি কর্পোরেশন-এর কাউন্সিলর কার্যালয়সমূহে স্থাপিত ইন্টারনেট সংযোগের জন্য ৩ মাসের ইন্টারনেট বিল প্রদান বাবদ ১,৪০,০০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা পরিশোধ করতে হবে [বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) ও হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন]।

**২.১৫ প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক তাঁর শাখার বিভিন্ন তথ্যাদি উপস্থাপন:**

i. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা জানান যে, সেপ্টেম্বর ও অক্টোবর/২০২৪ এই দুই মাসে বর্জ্য ব্যবস্থাপনা শাখায় কর্মরত কেন্দ্রীয় শ্রমিকদের বেতন বাবদ ১,৩৬,১২,০০০/- টাকা, ওয়ার্ড শ্রমিকদের বেতন বাবদ ১,০৩,৯৫,০০০/- টাকা, সুইপারদের বেতন ও বোনাস বাবদ ১৫,৬৭,৩২৬/- টাকা প্রদান করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সিলেট সিটি কর্পোরেশনের নিয়মিত কার্যক্রম হিসেবে উক্ত ব্যয় পরিশোধ করার বিষয়ে সভায় সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ঐক্যমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** সেপ্টেম্বর ও অক্টোবর/২০২৪ এই দুই মাসে কর্মরত সংশ্লিষ্ট সকলের বেতন পরিশোধ করতে হবে (বাস্তবায়নেঃ প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

ii. সিলেট মেডিকেল কলেজ ও সামছুদ্দীন হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক পরিষ্কার পরিচ্ছন্নতা কাজের জন্য অতিরিক্ত (৪+৪) মোট ৮ জন শ্রমিক নিয়োজিত করার জন্য অনুরোধ করেছেন। চাহিদা বিবেচনায় তাদের পরিচ্ছন্নতা কার্যক্রম সম্পাদনের নিমিত্ত অতিরিক্ত ৮ জন শ্রমিক নিয়োজিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বর্তমানে ৪৩৪ জন কেন্দ্রীয় শ্রমিক নিয়োজিত রয়েছেন। তাদের সাথে আরো ৮ জন শ্রমিক যুক্ত হলে কেন্দ্রীয় শ্রমিকের মোট সংখ্যা হবে ৪৪২ জন।

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

**সিদ্ধান্ত:** আগামী ১লা ডিসেম্বর ২০২৪ খ্রিঃ তারিখ হতে সিলেট মেডিকেল কলেজ ও সামছুদ্দীন হাসপাতাল কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে অতিরিক্ত ৮ জন শ্রমিক নিয়োগ করা যেতে পারে (বাস্তবায়নেঃ প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

iii. শীতকালে ছড়া/খাল/ড্রেন পরিষ্কারকরণ সিলেট সিটি কর্পোরেশনের একটি নিয়মিত কার্যক্রম। এ বিষয়ে অতিরিক্ত শ্রমিক নিয়োগের মাধ্যমে উক্ত কার্যক্রম সম্পন্ন করা হয়। সিলেট সিটি কর্পোরেশন এলাকায় কম/বেশী ছোট বড় ৫৬টি খাল/ছড়া রয়েছে। উক্ত খাল/ছড়াগুলো শীত মৌসুমের শুরুতেই পরিস্কার পরিচ্ছন্ন করা হলে জলাবদ্ধতা নিরসন করা অনেকাংশে সম্ভব হবে। উক্ত বিষয়ে বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়ন এবং প্রাক্কলন প্রস্তুতপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অতিরিক্ত শ্রমিক নিয়োজিত/নিয়োগ করে উক্ত পরিচ্ছন্নতা কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ঐক্যমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়ন এবং প্রাক্কলন প্রস্তুতপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অতিরিক্ত শ্রমিক নিয়োজিত/নিয়োগ করে ছড়া/খাল/ড্রেন পরিষ্কারকরণ কাজ সম্পাদন করতে হবে। এছাড়াও প্রাথমিকভাবে গাভিয়ার খালের কিয়দংশ পরিষ্কার করার বিষয়ে অনধিক ৩ লক্ষ টাকার প্রাক্কলণ তৈরী করতঃ কর্তৃপক্ষের অনুমোদনপূর্বক শ্রমিকের মজুরী প্রদানের জন্য সমন্বয় শর্তে অগ্রিম উত্তোলনের মাধ্যমে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে (বাস্তবায়নেঃ প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

iv. শীতকালে ছড়া/খাল/ড্রেন পরিষ্কারকরণ কাজ বর্জ্য ব্যবস্থাপনা শাখা কর্তৃক সম্পন্ন করা হয় কিন্তু পরিবহন শাখা হতে রিকুইজিশনের মাধ্যমে বিভিন্ন ইকুইপম্যান্ট (এক্সকেভেটর) সংগ্রহ করতে হয়। রিকুইজিশন প্রক্রিয়ায় কর্তৃপক্ষের অনুমোদন সময়স্বাপেক্ষ বিধায় শুষ্ক মৌসুমে ১টি স্পাইডার, ২ টি ববকেট (ছোট এক্সকেভেটর) বর্জ্য ব্যবস্থাপনা শাখার অধীনে সাময়িকভাবে বরাদ্দ প্রদান করা প্রয়োজন। তাহলে ছড়া/খাল/ড্রেনের পরিস্কার কাজে গতিশীলতা আসবে বলে তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন।

**সিদ্ধান্ত:** শীতকালে বিভিন্ন ছড়া/খাল/ড্রেন খনন কার্যক্রমে ০১টি স্পাইডার, ০২টি ববকেট (ছোট এক্সকেভেটর) বর্জ্য ব্যবস্থাপনা শাখার অধীনে সাময়িকভাবে বরাদ্দ প্রদান করতে হবে (বাস্তবায়নে: প্রধান প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন)।

v. বর্জ্য ব্যবস্থাপনা শাখায় সার্বক্ষণিকভাবে নিয়োজিত নিরাপত্তা প্রহরী, সুপারভাইজার, গাড়ি চালক ও পরিচ্ছন্ন শ্রমিকদের শীতের মধ্যে দায়িত্ব পালন করতে হয়। শীতকালে সঠিকভাবে দায়িত্ব পালন করার জন্য ৪২০টি জ্যাকেট ও ৬৪৪টি হুডি ক্রয় করা আবশ্যক মর্মে তিনি সভাকে অবহিত করেন। তাছাড়া প্রতি অর্থ বছরেই শীতকালে বিশেষ করে রাতে দায়িত্ব পালনকারী নিরাপত্তা প্রহরী সুপারভাইজার, গাড়ি চালক ও পরিচ্ছন্ন শ্রমিকদের শীতের কাপড় প্রদান করা হয়ে থাকে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত শীতকালীন দায়িত্ব পালনের জন্য ৪২০টি জ্যাকেট ও ৬৪৪টি হুডি ক্রয় করার বিষয়ে সভায় সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ঐক্যমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** শীতকালীন দায়িত্ব পালনের জন্য নিরাপত্তা প্রহরী, সুপারভাইজার, গাড়ী চালক ও পরিচ্ছন্ন শ্রমিকদের জন্য ৪২০টি জ্যাকেট এবং ৬৪৪টি হুডি ক্রয় করতে হবে (বাস্তবায়নে: প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

vi. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, দুর্গাপূজা/২০২৪ উপলক্ষ্যে পূজামন্ডপ পরিষ্কারকরণ কাজে অতিরিক্ত শ্রমিক নিয়োগের মজুরী বাবদ ৪,৯০,০০০/- টাকা, ১১০টি ডাস্টবিন ক্রয় বাবদ ৩,৪৯,১৮০/- টাকা, ২১৯২ কে.জি শলার ঝাড়ু ক্রয় বাবদ ২,৯০,৬৫৯/- টাকা, মনিহারী দ্রব্যাদি ক্রয় বাবদ ২৪,৫৬০/- টাকা, যুব দিবস/২০২৪ উপলক্ষ্যে সুরক্ষা সামগ্রী (যুব দিবসের স্লোগান সম্বলিত ১০০০টি টিশার্ট, ১৫০টি কমার্শিয়াল ফিশিং ট্র্যাক, ২০০ জোড়া গামবোট ও ৮০০ টি ইন্ডাসট্রিয়াল হ্যান্ড গ্লাভস) ক্রয় বাবদ ১৩,৯৫,০০০/- টাকা, জৈন্তারখাল পরিষ্কারকরণ কাজে অতিরিক্ত শ্রমিক নিয়োগের মজুরী বাবদ ১,৭৫,০০০/- টাকা ব্যয় করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপস্থিত সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ উক্ত ব্যয় নির্বাহের বিষয়ে ঐক্যমত পোষণ করেন।

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

**সিদ্ধান্ত:** দুর্গাপূজা ২০২৪ খ্রি. উপলক্ষ্যে মহানগরীর পূজামন্ডপের আশেপাশে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম, ডাস্টবিন ক্রয়, শলার ঝাড়ু ক্রয়, মনিহারী দ্রব্যাদি ক্রয়, সুরক্ষা সামগ্রী ক্রয়, যুবদিবস/২৪ খ্রি. উপলক্ষ্যে জৈন্তারখাল পরিষ্কারকরণে অতিরিক্ত শ্রমিক মজুরী বাবদ ব্যয় পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা অনুযায়ী পরিশোধ করতে হবে (বাস্তবায়নে: প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

vii. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন বলেন যে, বর্জ্য ব্যবস্থাপনা শাখার রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে ব্যক্তি পর্যায়, এলাকাভিত্তিক সামাজিক সংগঠন ও ক্লাবভিত্তিক মহানগরীর ময়লা আবর্জনা সংগ্রহ করার প্রস্তাব সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিশদ আলোচনান্তে সংশ্লিষ্ট ওয়ার্ডের জনগণের অংশগ্রহণ ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষে প্রাথমিকভাবে ০৩-০৫টি ওয়ার্ডের ময়লা সংগ্রহের কাজ উন্মুক্ত পদ্ধতিতে লিজ প্রদানের বিষয়ে সভায় উপস্থিত সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ঐক্যমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** প্রাথমিকভাবে ০৩-০৫টি ওয়ার্ডের ময়লা সংগ্রহের কাজ উন্মুক্ত পদ্ধতিতে লিজ প্রদান করতে হবে (বাস্তবায়নে: প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)

**২.১৬ মহামান্য হাইকোর্টে রিট মামলা নং ৯১৪৩/২০১৫ এবং মহামান্য সুপ্রীম কোর্টের ১৩০৪/২০১৯ নং আপীল মামলার রায়প্রাপ্ত সিলেট সিটি কর্পোরেশনে মাস্টাররোলে কর্মরত ২৪১ জন কর্মকর্তা ও কর্মচারীর চাকুরী স্থায়ীকরণ সংক্রান্ত:**

প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন সভাকে অবহিত করেন যে, সিলেট সিটি কর্পোরেশনে মাস্টার রোলে কর্মরত ২৪১ জন কর্মকর্তা/কর্মচারীরা স্থায়ীকরণের দাবীতে ২০১৫ সালে রিট পিটিশন মামলা নং ৯১৪৩/২০১৫ মামলা দায়ের করেন। বিজ্ঞ আদালত উভয় পক্ষের শূনানিঅন্তে ১৮.০৩.২০১৮ খ্রি. তারিখে আবেদনকারীগণের অনুকূলে আদেশ প্রদান করেন। যা নিম্নরূপ:

In light of the above, we are inclined to hold that the impugned Circular dated 03.08.2015 is illegal to the extent of dealing with direct appointment for posts in which the petitioners are currently serving. The respondents are further directed to take necessary steps to absorb/regularize the petitioners to their respective posts, unless otherwise disqualified. With regard to the posts for which the petitioners do not have the requisite educational qualifications and/or skills, the respondents are free to proceed with direct recruitment under the impugned circular. However, having said that, we would like to make it very clear that all the petitioners are to be regularized, unless otherwise disqualified. The respondents are directed to complete the process of regularization/absorption of the petitioners within 03 (three) months from the date of receipt of our Judgment and Order, without fail.

তিনি আরো বলেন, পরবর্তীতে সিলেট সিটি কর্পোরেশন উক্ত আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রিম কোর্ট বিভাগে লিভ টু আপীল নং ১৩০৪/২০১৯ দায়ের করলে মহামান্য আদালত ২৩.০১.২০২৩ খ্রি. তারিখে আপীল মামলাটির রায় চাকুরী স্থায়ীকরণের পক্ষে প্রদান করা হয়। রায়ের আদেশ নিম্নরূপ:

This civil petition for leave to appeal is directed against the judgment and order 18.03.2018 passed by the High Court Division in Writ Petition No. 9143 of 2015. Heard the learned Counsel of both the parties and perused the impugned judgment and order of the High Court Division and other materials it record. It appears that we have already decided the point involved in this petition in Civil Review Pestisest No. 404 of 2019 with Civil Review Petition No.07 of 2020, 30 of 2020, 42of 2020 and 62 of 2020. Accordingly, this petition is disposed of and this matter will be regulated in ligh of the judgment and onder dated 25.11.2001 passed in Cheil Review Petition No. 404 of 2019 with Civil Review Petition Nos 07 of 2020, 42 of 2020 and 62 of 2020.

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

মহামান্য সুপ্রিম কোর্টের রায়ের প্রেক্ষিতে সিলেট সিটি কর্পোরেশনে কর্মরত ২৪১ জন কর্মকর্তা/কর্মচারীরা তাদের চাকুরি মাস্টাররোল হতে স্থায়ীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ২০.০৩.২০২৩ খ্রি. তারিখে তৎকালীন মেয়রের বরাবর আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে সিলেট সিটি কর্পোরেশনে নিয়োজিত বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত গ্রহণ করা হয়। বিজ্ঞ আইন উপদেষ্টা রায়টি বিস্তারিতভাবে পর্যালোচনা করে সিলেট সিটি কর্পোরেশনের নীতিমালা ও মাননীয় আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসরণপূর্বক মহামান্য সুপ্রিম কোর্ট বিভাগের আদেশ মোতাবেক ২৪১ জন কর্মকর্তা/কর্মচারীদের মাস্টাররোল হতে স্থায়ীকরণের রায়ের আদেশটি বাস্তবায়নের জন্য মতামত প্রদান করেন।

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে মন্ত্রণালয় কর্তৃক গঠিত বাছাই কমিটির সভা আহবানের নিমিত্ত প্রতিনিধি মনোনয়ন ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণে সভায় ঐক্যমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** মন্ত্রণালয় কর্তৃক গঠিত বাছাই কমিটির সভা আহবানের নিমিত্ত প্রতিনিধি মনোনয়নের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে (বাস্তবায়নে: প্রশাসনিক কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

**২.১৭ গত ৫ই আগস্ট ২০২৪ তারিখ সহিংসতার ঘটনায় সিলেট সিটি কর্পোরেশনের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে স্থাপিত আইপি ক্যামেরাসমূহের মধ্যে অচল ক্যামেরাসমূহ সচল করা এবং ভাঙ্গা ও লুট হয়ে যাওয়া ক্যামেরাসমূহ প্রতিস্থাপন প্রসঙ্গে:**

নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) সভাকে অবহিত করেন যে, জনাব মোঃ রেজাউল করিম, পিপিএম-সেবা, পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট ৫ আগস্ট ২০২৪ তারিখ সহিংসতার ঘটনায় সিলেট সিটি কর্পোরেশনের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে স্থাপিত আইপি ক্যামেরাসমূহের মধ্যে অচল ক্যামেরাসমূহ সচল করা এবং ভাঙ্গা ও লুট হয়ে যাওয়া ক্যামেরাসমূহ প্রতিস্থাপনের জন্য আবেদন দাখিল করেছেন। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক ডিজিটাল সিলেট সিটি প্রকল্পের আওতায় সিলেট সিটি কর্পোরেশনের ৪৫টি গুরুত্বপূর্ণ স্থানে ১১০টি আইপি ক্যামেরা স্থাপন করা হয়। তন্মধ্যে ১০টি ফেস রিকগনিশন ক্যামেরা, ১০টি অটোমেটিক নম্বর প্লেট রিকগনিশন ক্যামেরা ও ৯০টি আইপি ক্যামেরা রয়েছে। বিগত কোটা সংস্কার আন্দোলন ও তৎপ্রেক্ষিতে গত ৫ আগস্ট, ২০২৪ তারিখ উদ্ভূত নাশকতামূলক পরিস্থিতি শহরের বিভিন্ন স্থাপনায় অগ্নিসংযোগসহ ভাংচুর এবং সরকারি সম্পদ লুটপাটের ঘটনা সংগঠিত হয়। গত ৫ আগস্ট, ২০২৪ তারিখ দুষ্কৃতিকারীদের দ্বারা সিলেট মহানগরী'র বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে ১১০টি ক্যামেরার মধ্যে ২২টি ক্যামেরা ভাংচুর করা হয় ও ২৪টি ক্যামেরা চুরি করে নিয়ে যায় এবং ক্যামেরার সংযোগকৃত ক্যাবল কেটে/পুড়িয়ে সংযোগ বিচ্ছিন্ন করা হয়। উল্লেখ্য যে, সিলেট সিটি কর্পোরেশনের সার্বিক সহযোগিতায় ২০২৪ সালে বর্ণিত ক্যামেরাসমূহের মধ্যে অধিকাংশ ক্যামেরা সচল হওয়ায় এসব ক্যামেরায় ধারণ করা ছবি দিয়ে ব্যক্তির পরিচয় ও যানবাহনের বিস্তারিত তথ্যাদি তাৎক্ষনিকভাবে পেয়ে আইন-শৃঙ্খলা রক্ষায় জনগণের নিরাপত্তা নিশ্চিত করে জনসাধারণের জীবনযাত্রার মান উন্নয়নে গতিশীলতা বৃদ্ধি পেয়েছে। বর্তমানে বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে ক্যামেরা না থাকায় বা বিদ্যমান ক্যামেরাসমূহ অচল থাকায় আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে ও গুরুতর অপরাধের ঘটনা উদঘাটনে এবং জনগণের প্রত্যাশিত সেবা প্রদানে অনেকটা অসুবিধার সম্মুখিন হতে হচ্ছে।

তাছাড়া তিনি আরো বলেন, "ডিজিটাল সিলেট সিটি" শীর্ষক প্রকল্পের আওতায় বিদ্যমান আইপি ক্যামেরা বেজড সার্ভেল্যান্স সিস্টেম সার্বক্ষনিক সচল ও কার্যকর রাখা, আইপি ক্যামেরাসমূহের রক্ষণাবেক্ষণ ও প্রয়োজনীয় মেরামত কাজ সম্পাদনপূর্বক সংশ্লিষ্ট সেবা নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ সার্বিকভাবে সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানান। নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) জানান, ৫ আগস্ট ২০২৪ খ্রি. সহিংসতার ঘটনায় সিলেট সিটি কর্পোরেশনের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে স্থাপিত আইপি ক্যামেরা সমূহের অচল ক্যামেরাসমূহ প্রতিস্থাপন কাজ বাবদ ২৫,৭৮,৭৯৬/- (পঁচিশ লক্ষ আটাত্তর হাজার সাতশত ছিয়ানব্বই) টাকা ব্যয় হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আইন শৃঙ্খলা রক্ষা ও নাগরিকদের নিরাপত্তা প্রদানের নিমিত্ত পাবলিক প্রকিউরমেন্ট বিধি বিধান অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ঐক্যমত পোষণ করেন।

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

সিদ্ধান্ত: সিলেট সিটি কর্পোরেশনের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে স্থাপিত আইপি ক্যামেরাসমূহের অচল ক্যামেরাসমূহ প্রতিস্থাপন কাজ ২৫,৭৮,৭৯৬/- (পঁচিশ লক্ষ আটাত্তর হাজার সাতশত ছিয়ানব্বই) টাকা ব্যয়ে OTM পদ্ধতিতে বাস্তবায়ন করতে হবে [বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) ও হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন]।

**২.১৮ নির্বাহী প্রকৌশলী (পরিবহন) কর্তৃক তাঁর শাখার উপস্থাপিত বিষয়াদি:**

নির্বাহী প্রকৌশলী (পরিবহন) বলেন যে, ২২টি যানবাহন বর্জ্য, পানি, বিদ্যুৎ ও স্বাস্থ্য শাখার জরুরী সেবা প্রদানে নিয়োজিত থাকে বিধায় জরুরীভাবে পিপিআর-২০০৮ এর ৭৬ (ট) বিধি অনুযায়ী ডিপিএম পদ্ধতিতে মেরামত করা প্রয়োজন। গত জুন-জুলাই/২০২৪ মাসে বন্যায় শুকনো ত্রাণ হিসেবে ২০০০ কেজি গুড় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে DPM পদ্ধতি ক্রয় করে বিতরণ করা হয়েছে। উক্ত ত্রাণের বিল অদ্যাবধি পরিশোধ করা হয়নি। জরুরী ভিত্তিতে ২০০০ কেজি গুড় ক্রয় বাবদ ২,২০,০০০/- (দুই লক্ষ বিশ হাজার) টাকার বিল পরিশোধ করার জন্য সভায় উপস্থাপন করা হয়। তাছাড়া বর্জ্য অপাসারণে নিয়োজিত যানবাহনগুলো নষ্ট হলে জরুরী ভিত্তিতে মেরামত করতে হয়। নিয়মিত রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কার্যক্রম সম্পাদন করার নিমিত্ত সমন্বয়ের শর্তে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অগ্রিম বরাদ্দ প্রদানের প্রস্তাব সভায় উপস্থাপন করা হয়। শীতকালে কুয়াশায় রাত্রিকালীন ডিউটি করার জন্য ৪০ জোড়া ফগ ল্যাম্প ক্রয় করা একান্ত প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন। উক্ত কার্যক্রম বাস্তবায়নে ৭,০০,০০০/-(সাত লক্ষ) টাকা প্রয়োজন মর্মে উল্লেখ করেন। উক্ত ক্রয় কার্যক্রমটি DPM পদ্ধতিতে সম্পাদন করার প্রয়োজন মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করেন। রমজান মাসে পানির সরবরাহ বৃদ্ধি পায় বিধায় প্রয়োজনীয় ওয়াটার ভাউচার ক্রয়/তৈরির বিষয়েও সভার দৃষ্টি আকর্ষণ করেন।

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপরোক্ত কার্যক্রমগুলো পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা অনুসরণপূর্বক সম্পন্ন করার বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ একমত পোষণ করেন।

সিদ্ধান্ত:

(ক) পরিবহন শাখার ২২টি যানবাহন মেরামত, ৪০ জোড়া ফগ ল্যাম্প ক্রয় এবং ত্রাণ বিতরণ বাবদ ব্যয় পরিশোধ করার দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে [বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী (পরিবহন) ও হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)]।

(খ) ১০ লক্ষ টাকা অগ্রিম উত্তোলনের বিষয়ে প্রচলিত বিধি বিধান অনুসরণপূর্বক হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন মতামত প্রদান করবেন (বাস্তবায়নে: হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

**২.১৯ গত ১৭.১০.২০২৪ সভার পরবর্তী সময় হতে অন্যান্য আনুষঙ্গিক ব্যয়সমূহ অনুমোদন সংক্রান্ত:**

১. হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন সভাকে অবহিত করেন যে, অক্টোবর/২০২৪ মাসে প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন এর বেতন বাবদ ১,২০,০০০/-, নিরাপত্তা ও বর্জ্য ব্যবস্থাপনা শাখায় কর্মচারীদের বেতন বাবদ ৪,২৭,৮০০/- টাকা, জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন "এমসি কলেজ মাঠ সংলগ্ন রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন কাজ এবং ঝর্ণারপার আরসিসি দ্বারা রাস্তা উন্নয়ন কাজ" OTM পদ্ধতিতে চতুর্থ চলতি বিল বাবদ ১৫,৭৩,৬৮৮/- টাকা (টেন্ডার আইডি নং ৭৩৮৫৫৯), জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন "শাহী ঈদগাহ, ঝেরঝেরিপাড়া, দর্জিপাড়া, দপ্তরিপাড়া, রায়নগর, মিতালী, লামাপাড়া এবং সোনারপাড়া রাস্তা কার্পেটিং দ্বারা উন্নয়ন কাজ" OTM পদ্ধতিতে দ্বিতীয় চলতি বিল বাবদ ২০,৬৬,৩৪৬/- টাকা (টেন্ডার আইডি নং ৮১৪৪৫১), জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন "নয়াসড়ক থেকে জেলরোড রাস্তা ফুটপাতসহ আরসিসি ড্রেন নির্মাণ কাজ" OTM পদ্ধতিতে দ্বিতীয় চলতি বিল বাবদ ২১,৮২,৭৬৯/- টাকা (টেন্ডার আইডি নং ৮৯৯৫৫৩), জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন "বাদামবাগীচা মেইন রোড, চৌকিদেখি মেইন রোড, রূপসা, চৌকিদেখি রোড নং ৩, পীরমহল্লা, প্রভাতী আবাসিক এলাকা, সৈয়দ মুগনী রোডে আরসিসি ড্রেন ও রাস্তা উন্নয়ন কাজ" OTM পদ্ধতিতে দ্বিতীয় চলতি বিল বাবদ ৭১,২,৫৫২/- টাকা (টেন্ডার আইডি নং ৮৯৭০৬৭), জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন "ভিআইডি রোডে বক্স কালভার্ট (মাদারকেয়ার ক্লিনিকের নিকট) নির্মাণ কাজ" OTM পদ্ধতিতে দ্বিতীয় ও চূড়ান্ত বিল বাবদ ২,৭০,৮১০/- টাকা (টেন্ডার আইডি নং ৮৯৭০১৫), জলাবদ্ধতা নিরসন,

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন "উপশহর এফ ব্লকে ১, ২, ৩ ও ৪ নং রোডে আরসিসি বক্স ড্রেন নির্মাণ কাজ" OTM পদ্ধতিতে দ্বিতীয় ও চূড়ান্ত বিল বাবদ ২,৮১,৭৬৫/- টাকা (টেন্ডার আইডি নং ৮৯৭১৮৫), অতিবৃষ্টি এবং বন্যায় ক্ষতিগ্রস্ত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের অধীন "হাজারীবাগ, পীরমহল্লা, হাজীপাড়া, নোয়াপাড়া, করেরপাড়া, কুচারগাড়া, লাভলীরোড, নিকুঞ্জ, নবদী, মজুমদাপাড়া, শামীমাবাদ, লামাপাড়া, ঘাসিটুলা, উত্তরণ, জল্লাপাড়, নয়াসড়ক, রকিশাহ গলি, দর্জিবন্ধ, খরারিপাড়া, শীবগঞ্জ, সোনারপাড়া, শাপলাবাগ, উপশহর, মেন্দিবাগ, নয়াগাঁও, দাউদপুর, সাদুরবাজার এবং গোটাটিকর রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন কাজ" OTM পদ্ধতিতে তৃতীয় চলতি বিল বাবদ ৩,৬৯,৬০,৮৫৫/- টাকা (টেন্ডার আইডি নং ৮২৯৩১৬), এডিপি প্রকল্পের অধীন "টুকেরবাজার তালুকদাপাড়া হযরত শাহ লালুদুলা ঈদগাহ উন্নয়ন কাজ" LTM পদ্ধতিতে প্রথম চলতি বিল বাবদ ৫২,৬৩,১৮৪/- টাকা (টেন্ডার আইডি নং ৮৯৯২৪৫), এডিপি প্রকল্পের অধীন "ধোপাদিঘীরপার সিটি মার্কেটে ২য় তলা হতে ১২ তলা পর্যন্ত স্টিল বিল্ডিং নির্মাণ কাজ" Negotiation পদ্ধতিতে তৃতীয় চলতি বিল বাবদ ৬৩,২৪,০৪৮/- টাকা, এডিপি প্রকল্পের অধীন "বরইকান্দি শাহী ঈদগাহ সৌন্দর্য্য বর্ধন কাজ" LTM পদ্ধতিতে প্রথম ও চূড়ান্ত বিল বাবদ ১৭,৫৩,৭৮৩/- টাকা (টেন্ডার আইডি নং ৮৯৮০৯৫), পরিশোধ করার জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

২. এডিপি প্রকল্পের অধীন "বীরেশ চন্দ্র স্কুল মেরামত কাজ" LTM পদ্ধতিতে প্রথম ও চূড়ান্ত বিল বাবদ ১২,৭০,৮৬১/- টাকা (টেন্ডার আইডি নং ৯৭৯৬৫১), এডিপি প্রকল্পের অধীন "কুশিঘাট সার্ফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টে ফ্লটিং কন্ট্রোল ইউনিটে সরবরাহ, স্থাপন ও মেরামত কাজ" RFQ পদ্ধতিতে প্রথম ও চূড়ান্ত বিল বাবদ ৯,৫৩,২০৩/- টাকা, এডিপি প্রকল্পের অধীন "৮০০০ পিস টিউবলাইট সরবরাহ কাজ" DPM পদ্ধতিতে প্রথম ও চূড়ান্ত বিল বাবদ ২৮,১৭,৯২০/- টাকা, এডিপি প্রকল্পের অধীন "ওয়ার্ড কাউন্সিলরদের অফিসের জন্য ডেস্কটপ কম্পিউটার, প্রিন্টার, স্কেনার এবং অন্যান্য প্রয়োজনীয় মালামাল সরবরাহ কাজ" OTM পদ্ধতিতে প্রথম ও চূড়ান্ত বিল বাবদ ৬৪,৩১,৯৩৬/- টাকা (টেন্ডার আইডি নং ৯৩৯২৭৮), এডিপি প্রকল্পের অধীন "সেকেন্ডারী ট্রান্সফরমার স্টিশন (এসটিএস) নির্মাণ কাজ" OTM পদ্ধতিতে প্রথম চলতি বিল বাবদ ১৪,০৩,০১৮/- টাকা (টেন্ডার আইডি নং ৯২৪৭৯৫), এডিপি প্রকল্পের অধীন "ছয়েফখান/লন্ডনী রোড আরসিসি দ্বারা নির্মাণ কাজ" OTM পদ্ধতিতে তৃতীয় চলতি বিল বাবদ ১৫,৬৬৭৮৫/- টাকা (টেন্ডার আইডি নং ৫৯৬০১৮), বিভাগীয় সদর দপ্তরে সৌন্দর্য্য বর্ধনের জন্য বাগান সৃজন প্রকল্পে ৩,০০,০০০/- টাকা, আনসার সদস্যদের অক্টোবর/২০২৪ মাসের বেতন বাবদ (স্ট্রাকিং ফোর্স) ৩,৪৫,০০০/- টাকা, আনসার সদস্যদের অক্টোবর/২০২৪ মাসের বেতন বাবদ ২,৮৪,৫৫৬/- টাকা পরিশোধ করার জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

৩. উচ্চ পদস্থ সরকারি কর্মকর্তা বন্যা পরিদর্শনে সফরকালীন সময়ে সার্কিট হাউসে থাকা ও খাওয়ার খরচ বাবদ ১,৯৭,৩৭১/- টাকা, ২১৯২ কেজি শলার ঝাড়ু ক্রয় বিল বাবদ ২,৬০,১৩৯/- টাকা, পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনার জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে আলোচনা সভার নাস্তার খরচ বাবদ ১,৬১,১০০/- টাকা, অক্টোবর/২০২৪ আব্দুল আলীমের বেতন বাবদ ১৫,০০০/- টাকা, রথের বাজার ইজারার জামানত ফেরত বাবদ ২৭,৫০০/- টাকা, অক্টোবর/২০২৪ মাসে আপ্যায়ন বিল বাবদ (২৬,৭০৬+১৪,৬০০+৪,৮০০) = ৪৬,১০৬/- টাকা, নকশা অনুমোদন কমিটির সদস্যদের সম্মানী বাবদ ৩২,৪০০/- টাকা, প্রধান নির্বাহী কর্মকর্তা রুমের জন্য ল্যাপটপ ও অন্যান্য প্রয়োজনীয় মালামাল ক্রয় বাবদ ৩,৭৭,৫৯৫/- এবং সচিব মহোদয়ের দপ্তরে কম্পিউটারের প্রিন্টারসহ অন্যান্য এক্সেসরিজ বাবদ ৩৬,৮৩৮/- টাকা পরিশোধ করার জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

৪. প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, Local Government Covid-19 Response and Recovery প্রকল্পের অধীন "কুচাই মুহিত কমপ্লেক্স রোডে আরসিসি ড্রেন নির্মাণ কাজ" OTM পদ্ধতিতে প্রথম চলতি বিল বাবদ ৩০,৪৮,৮৮০/- টাকা (টেন্ডার আইডি নং ৯৫৬৩৯৮), জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন "মেন্দিবাগ বাইলেন, মাছিমপুর বাইলেন শিববাড়ি এলাকায় আরসিসি দ্বারা রাস্তা উন্নয়ন" OTM পদ্ধতিতে চতুর্থ চলতি বিল বাবদ ৪৫,১৩,৮৬৯/- টাকা (টেন্ডার আইডি নং ৭৯৯৭১৯), সিলেট সিটি কর্পোরেশনের সম্প্রসারিত এলাকায় সমন্বিত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের অধীন "ইসলামপুর টেক্সটাইল রোড থেকে অর্বিট নার্সারী পর্যন্ত রাস্তা আরসিসি ইউ টাইপ ড্রেন নির্মাণ কাজ" OTM পদ্ধতিতে প্রথম চলতি বিল বাবদ ১,০২,৪৯,৩৬১/- টাকা (টেন্ডার আইডি নং ১০১৪৪৩৬), নিজস্ব প্রকল্পের অধীন "খাদিমপাড়া এলাকায় আঞ্চলিক কার্যালয় নির্মাণ কাজ" OTM পদ্ধতিতে জামানত ফেরত বাবদ ১২,৯৪,১৮৬/- টাকা (টেন্ডার আইডি নং ৭৮০৪৮৬), অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন "কায়স্তরাইল শাহী ঈদগাহ রাস্তায় আরসিসি ড্রেন ও আরসিসি দ্বারা রাস্তা উন্নয়ন কাজ" OTM পদ্ধতিতে জামানত ফেরত বাবদ ৩,৮৯,৭০৭/- টাকা (টেন্ডার আইডি নং ১৪৩৯৩৭), সিলেট সিটি কর্পোরেশনের মধ্য

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

দিয়ে প্রবাহিত ১১টি ছড়া/খাল সংরক্ষণ ও আরসিসি রিটেনিং ওয়াল নির্মাণ প্রকল্পের অধীন "মজালীছড়ার পাশে ৩.৫ মিটার উচ্চতায় আরসিসি রিটেনিং ওয়াল নির্মাণ" LTM পদ্ধতিতে জামানত ফেরত বাবদ ৪,৯৯,৭৯৪/- টাকা (টেন্ডার আইডি নং ২৫/২০১৬-১৭ গ্রুপ-৯৮), অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন "পেভিং ব্লক দ্বারা ফুটপাত নির্মাণ কাজ (লট-১৩)" LTM পদ্ধতিতে জামানত ফেরত বাবদ ২,৮২,২৫১/- টাকা (টেন্ডার আইডি নং ৫১৫৬৭৮), জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন "ঝেরঝেরিপাড়া, আগপাড়া, ব্রজনাথ টিলা, কুমারপাড়া, মিতালী, দর্জিবন্ধ, সোনারপাড়া, লাকড়ীপাড়া, শীবগঞ্জ, সেনপাড়া, খরাদিপাড়া, সাদিপুর, মৌচাক, মজুমদারপাড়া এবং গোপালটিলা এলাকা আরসিসি দ্বারা রাস্তা নির্মাণ কাজ" OTM পদ্ধতিতে অবশিষ্ট ৫০% জামানত ফেরত বাবদ ৪৮,৩৬,৫০২/- টাকা (টেন্ডার আইডি নং ৬১৫৯৫৯) এবং বরইকান্দি কাজির খলা জামে রিয়াসত মসজিদের ছাত্রাবাসে বৈদ্যুতিক ওয়ারিং, লাইট ও ফ্যান সরবরাহ ও স্থাপন কাজ ৭,৪৮,৮৫০/- (সাত লক্ষ আটচল্লিশ হাজার আটশত পঞ্চাশ) টাকা পরিশোধ করার জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

৫. তিনি আরও বলেন, জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন "মক্তব গলি হতে মানিকপীর ছড়া পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ কাজ" OTM পদ্ধতিতে জামানত ফেরত বাবদ ২১,৩১,৩৫৮/- টাকা (টেন্ডার আইডি নং ৭৮০৫২৪), ভারতীয় অনুদানে গৃহিত প্রকল্পের অধীন "৫তলা কিন্ডারগার্ডেন হাইস্কুল বিল্ডিং, ৬তলা ক্লিনার কলোনী বিল্ডিং, ধোপাদিঘীরপার ওয়াকওয়ে নির্মাণ ও বিউটিফিকেশন কাজ" OTM পদ্ধতিতে জামানত ফেরত বাবদ ১,৩২,০৭,৩১৩/- টাকা (টেন্ডার আইডি নং ৩৬/২০১৬-১৭ গ্রুপ-১), অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন "আম্বরখানা পয়েন্ট হতে আম্বরখানা সরকারি কলোনী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তার উভয় পাশে আরসিসি বক্স ড্রেন নির্মাণ, মনিপুরী পাড়া কালভার্ট হতে হাউজিং এস্টেট কালভার্ট পর্যন্ত ইউ টাইপ ড্রেন নির্মাণ কাজ" OTM পদ্ধতিতে অবশিষ্ট ৫০% জামানত ফেরত বাবদ ১৮,৮৩,৩০৯/- টাকা (টেন্ডার আইডি নং ৫৮৮৬৯২), অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন "মুন্সীপাড়া কাজলশাহ হতে ওসমানী মেডিকেল কলোনী সীমানা পর্যন্ত আরসিসি ইউ টাইপ ড্রেন নির্মাণ কাজ" OTM পদ্ধতিতে অবশিষ্ট ৫০% জামানত ফেরত বাবদ ১০,৫৩,৪৯৪/- টাকা (টেন্ডার আইডি নং ৩৯৩৫৪২), এডিপি প্রকল্পের অধীন "ধোপাদিঘীরপার মসজিদ কোয়ার্টারে আরসিসি ড্রেন, ওসমানী জাদুঘরের পিছনের ছড়ায় ইউ টাইপ ড্রেন নির্মাণ কাজ" OTM পদ্ধতিতে অবশিষ্ট ৫০% জামানত ফেরত বাবদ ১৮,১৫,৯৯২/- টাকা (টেন্ডার আইডি নং ৭৩১৪৩৩) পরিশোধ করার জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

৬. অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন "কালীবাড়ি হতে হাওলাদারপাড়া পর্যন্ত রাস্তা প্রশস্তকরণসহ আরসিসি ড্রেন নির্মাণ" OTM পদ্ধতিতে অবশিষ্ট ৫০% জামানত ফেরত বাবদ ১১,৩৯,০৫৩/- টাকা (টেন্ডার আইডি নং ৫৪৮৩২৪), নিজস্ব তহবিল (সিলেট কেন্দ্রীয় ট্রাক টার্মিনালে মাটি ভরাট কাজ) OTM পদ্ধতিতে জামানত ফেরত বাবদ ২,০১,৪০৪/- টাকা (টেন্ডার আইডি নং ৮১৪৫৮০), অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন "এয়ারপোর্ট রাস্তার উভয় সাইড বর্ধিতকরণ এবং এসফল্ট দ্বারা রাস্তা উন্নয়ন কাজ" OTM পদ্ধতিতে অবশিষ্ট ৫০% জামানত ফেরত বাবদ ১০,৩২,২১৩/- টাকা (টেন্ডার আইডি নং ৪২২৯৬০), জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন "মোমিনখলা এলাকায় রাস্তা ও ড্রেন নির্মাণ কাজ" OTM পদ্ধতিতে জামানত ফেরত বাবদ ১২,১৮,৭৮৪/- টাকা (টেন্ডার আইডি নং ৭৮০৫০৪), এডিপি প্রকল্পের অধীন "নয়াসড়ক জামে মসজিদের ৩য় তলা উন্নয়ন কাজ" OTM পদ্ধতিতে জামানত ফেরত বাবদ ৮,৭৪,৮৮৮/- টাকা (টেন্ডার আইডি নং ৮২২৫৯৭), অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন "আল মদিনা বাইলেন উন্নয়ন কাজ" LTM পদ্ধতিতে জামানত ফেরত বাবদ ৫৬,২০৯/- টাকা (টেন্ডার আইডি নং ৫৫৭২৯৫), এডিপি প্রকল্পের অধীন "বন্দর বাজার থেকে সুরমা মার্কেট, চৌহাট্টা পয়েন্ট থেকে আম্বরখানা, সুরমা পয়েন্ট থেকে তালতলা, আম্বরখানা পয়েন্ট থেকে দর্শনদেউরী এবং মীরের ময়দান কালভার্ট থেকে সুবিদবাজার আরসিসি রোড ডিভাইডার নির্মাণ কাজ" OTM পদ্ধতিতে জামানত ফেরত বাবদ ১২,৯৩,৫৪৮/- টাকা (টেন্ডার আইডি নং ৫৯১৬৪৮) পরিশোধ করার জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

৭. এডিপি প্রকল্পের অধীন "সিলেট সার্কিট হাউজ হতে মাছিমপুর পর্যন্ত আরসিসি ঢালাই দ্বারা সেতু পাইলিং, ওয়াকওয়ে, আরসিসি রিটেইলিং ওয়াল নির্মাণ, বিউটিফিকেশন, আরসিসি দ্বারা রাস্তা উন্নয়ন, সিসি ব্লক স্থাপন কাজ (লট-৫)" LTM পদ্ধতিতে তৃতীয় চলতি বাবদ ৬৩,৮৫,৫৯২/- টাকা (টেন্ডার আইডি নং ৫৫৪৮৬৭), বঙ্গবীর রোড রেলগেট হতে চন্ডিপুল পর্যন্ত ১০০টি বৈদ্যুতিক খুঁটির স্ট্রীট লাইট লাইন মেরামত বাবদ ২,৬০,৭৩০/- টাকা, সিলেট সিটি কর্পোরেশনের আওতাধীন ৪২নং ওয়ার্ডের শ্রীরামপুর মেইন রোড আকলুমগঞ্জ রাস্তায় বিদ্যমান ৬০টি বৈদ্যুতিক খুঁটিসমূহ স্থানান্তর বাবদ ১৩,৯৬,৬৬৪/- টাকা, এডিপি প্রকল্পে OTM পদ্ধতিতে সিলেট সিটি কর্পোরেশনের যান-যন্ত্রাদি জন্য ৭০টি টায়ার

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

সরবরাহ বাবদ ১৫,৮৯,৫০০/- টাকা (টেন্ডার আইডি ৯৫৮১৪৬), ১১টি ছড়া/খাল/এডিপি প্রকল্পে OTM পদ্ধতিতে সিলেট সিটি কর্পোরেশন ছড়া/খালের উপর ওয়াকওয়ে বিউটিফিকেশন কাজের চতুর্থ ও চূড়ান্ত বিল বাবদ ২৪,১৬,৫৬৫/- টাকা (টেন্ডার আইডি ১৩২২১৬), এডিপি প্রকল্পে LTM পদ্ধতিতে কালিঘাট এলাকায় এসটিএস নির্মাণ, গভীর নলকূপ এবং হযরত শাহজালাল মাজারের ছাত্রাবাস পাইলিং কাজের জামানত ফেরত বাবদ ৭,৫৮,০৪৭/ টাকা (টেন্ডার আইডি ৬০১৪০৫), সিলেট জেলা বাস, মিনিবাস, কোচ, মাইক্রোবাস ক্রমিক ইউনিয়নে একটি গভির নলকূপ স্থাপন বিল বাবদ ৩,২৫,৩৯০/- টাকা, সচিব মহোদয়ের দপ্তরে ইউপিএস, মাল্টিপ্লাগ, প্যান ড্রাইভ ক্রয় বাবদ ১৭৭০০/- এবং ২টা প্রিন্টারের টোনার ক্রয় বাবদ ২১২৪০/- মোট (১৭৭০০+২১২৪০)= ৩৮৯৪০/- টাকা, সিলেট সিটি কর্পোরেশনের ইংরেজি প্যাড বহি ১০০ পাতার ৭৫০টি এবং দাপ্তরিক খাম ৫০ হাজার পিস ছাপানো বাবদ DPM পদ্ধতিতে ৪,৬০,০০০/- টাকা বিল এবং ৭ মাসের জন্য ৪২০০ কেজি শলার ঝাড়ু OTM পদ্ধতিতে ক্রয়ের অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

৮. মাননীয় মেয়র মহোদয়ের দপ্তর, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর ও বিভিন্ন সভায় অতিথি আপ্যায়নের ফ্রুটস সামগ্রী ক্রয়, বন্যা পরিস্থিতি বিষয়ে মতবিনিময় সভার ব্যয়, সম্মানিত কাউন্সিলর ও অফিসের কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দের সাথে সরকারী উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের মতবিনিময় আপ্যায়ন এবং মাননীয় মেয়র মহোদয়ের সাথে সরকারী উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের মতবিনিময় সভার ব্যয়সহ সর্বমোট ১,৩৬,২১০/- টাকা, সম্মানিত কাউন্সিলরবৃন্দের ওয়ার্ড কার্যালয় ও অফিসের দাপ্তরিক কাজের ব্যবহারের জন্য জরুরী ভিত্তিতে ইংরেজি প্যাড বহি ক্রয়, মাননীয় মেয়রের দপ্তর, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, বিভাগীয় প্রধানগণের দপ্তরে ও গাড়িতে মনোহারী দ্রব্যাদি ক্রয়, হিসাব শাখায়, বস্তি উন্নয়ন শাখায়, প্রকৌশল বিভাগে স্টেশনারী মালামাল ক্রয় করে প্রদান বাবদ, কর ধার্য্য শাখা, লাইসেন্স শাখা, পরিবহন শাখায় A4 ও B4 কাগজ ক্রয় করে প্রদান, বিভিন্ন কালারের ব্যবহৃত ফেস্টুন পতাকা ড্রাই ওয়াশ বাবদ ব্যয়, বন্যায় ত্রাণ সামগ্রী বিতরণের জন্য সিলেট সিটি কর্পোরেশনের লগোসহ ব্যাগ তৈরি বাবদ ব্যয়, মেয়র মহোদয়ের মৌখিক নির্দেশে ঈদুল আযহা উপলক্ষে ত্রাণ সামগ্রী বিতরনের জন্য সিলেট সিটি কর্পোরেশনের লগো প্রিন্টসহ ব্যাগ তৈরি বাবদ ব্যয়, লাইসেন্স অফিসারের টেবিলের গ্লাস লাগানো/ফিটিং বাবদ ব্যয়, প্রশাসনিক শাখায়/কর আদায় শাখায় স্টেশনারী মালামাল ক্রয় করে প্রদান করা বাবদ ব্যয়, মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশনা মোতাবেক বন্ধু মহল রক্তদান ও মানব কল্যাণ সোসাইটির ২য় প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে প্রিপেইড মিটারে কার্ড করে প্রদান বাবদ ব্যয় এবং লাইসেন্স শাখার অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীবৃন্দের জন্য চেয়ার ক্রয় করে প্রদান বাবদ ব্যয়সহ সর্বমোট ১,৬১,২২০/- টাকা পরিশোধ করার জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

৯. মেয়র মোহদয়ের সাথে বৌদ্ধ মন্দির সংস্কার সংক্রান্ত আলোচনা সভায় নাস্তা বাবদ ব্যয়, সাবেক মেয়রের দপ্তরে অতিথিবৃন্দের জন্য ফুল ক্রয় করে প্রদান বাবদ ব্যয়, প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারী মেকানিক, গাড়ি চালক/অপারেটর ও গাড়ি চালকের সহকারী ও সেনাবহিনীর প্রশিক্ষকদের আপ্যায়ন বাবদ ব্যয়, মাননীয় মেয়র মহোদয় ও সম্মানিত কাউন্সিলরবৃন্দের সাথে হোল্ডিং কর সংক্রান্ত সভায় নাস্তা বাবদ ব্যয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভায় নাস্তা বাবদ ব্যয়, সাবেক মেয়র মহোদয়ের সঙ্গে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি দলের সাথে সাক্ষাতে ফুল ক্রয় করে প্রদান বাবদ ব্যয় এবং প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারী মেকানিক, গাড়ি চালক/অপারেটর ও গাড়ি চালকদের সহকারী ও সেনাবাহিনীর প্রশিক্ষকদের আপ্যায়ন বাবদ ব্যয়সহ সর্বমোট ১,৩৬,৯৮০/- টাকা পরিশোধ করার জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

১০. মাননীয় মেয়র মহোদয়ের দপ্তর, প্রধান নির্বাহী কর্মকর্তা দপ্তর, সম্মানিত কাউন্সিলরবৃন্দের কক্ষে বিভিন্ন বিভাগীয় প্রধানগণের দপ্তরের সভায় আপ্যায়ন বাবদ ব্যয় এবং বন্যার সার্বিক চিত্র তুলে ধরার জন্য সাংবাদিকবৃন্দের সাথে মতবিনিময় সভায় দুপুরের খাবার বাবদ ব্যয়সহ সর্বমোট ১,৬২,০৫০/- টাকা, আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কাউন্সিলর ও বিশিষ্ট নাগরিকবৃন্দের সাথে দিন ব্যাপি মতবিনিময় সভার আপ্যায়ন ও দুপুরের খাবার বাবদ ব্যয়, বিশেষ জরুরী সভায় নাস্তা বাবদ ব্যয়, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তরে বিল্ডিং কমিটির সভায় নাস্তা ও দুপুরের খাবার বাবদ ব্যয়, রথযাত্রার অনুদান প্রদান ও মতবিনিময় সভায় নাস্তা বাবদ ব্যয়, সার্বজনীন পেনশন স্কীম বিষয়ে ওয়ার্ড সচিববৃন্দকে নিয়ে আলোচনা সভায় নাস্তা বাবদ ব্যয় এবং রথযাত্রা অনুষ্ঠানের মতবিনিময় সভায় ব্যানার তৈরী বাবদ ব্যয়সহ সর্বমোট ১,০৭,৬০০/- টাকা পরিশোধ করার জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

১১. মাননীয় মেয়রের দপ্তর, প্রধান কর্মকর্তার দপ্তর, সম্মানিত কাউন্সিলরবৃন্দের কক্ষ ও বিভিন্ন বিভাগীয় প্রধানগণের দপ্তরে সভায় আপ্যায়ন বাবদ ব্যয়, মাননীয় মেয়রের দপ্তর ও বিভাগীয় প্রধানগণের অফিস কক্ষ, গাড়ি ও বিভিন্ন সভায় মিনারেল ওয়াটার সরবরাহ বাবদ ব্যয়, মাননীয় মেয়রের যুক্তরাজ্য সফর শেষে সিসিক আগমন উপলক্ষে নাস্তা বাবদ ব্যয়, জনাব আলী আকবর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন-এর সাথে পানি শাখার অপারেটরবৃন্দের জরুরী সভায় নাস্তা বাবদ ব্যয়, প্রধান প্রকৌশলীর দপ্তরে সভায় নাস্তা সরবরাহ বাবদ ব্যয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাথে সিলেট সিটি কর্পোরেশনের সভায় নাস্তা বাবদ ব্যয়, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তরে চেয়ার মেরামত বাবদ ব্যয়, বিভিন্ন ব্যক্তিবর্গের নামের তালিকা বহি স্পাইরাল ও অগ্রানোগ্রাম প্রিন্ট ও ফটোকপি বাবদ ব্যয়, প্রশাসনিক শাখায় ব্যবহারের জরুরী প্রয়োজনে মালামাল ক্রয় বাবদ ব্যয়, ড্রাই ওয়াশ বাবদ ব্যয়, মাননীয় মেয়রের দপ্তর, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, বিভিন্ন শাখা ও বিভাগীয় প্রধানগণের দপ্তর ও গাড়িতে ক্রয় করে প্রদান করা বাবদ ব্যয়, সম্মানীত কাউন্সিলরবৃন্দের ওয়ার্ড কার্যালয়ে দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য জরুরী ভিত্তিতে বাংলা প্যাড ক্রয় করে সরবরাহ করা বাবদ ব্যয়, ২০২৪/২৫ অর্থ বছরের রাজস্ব আদায়ের লক্ষ্যে জরুরী অফিস স্টেশনারী ক্রয় বাবদ ব্যয়, মাননীয় মেয়র মহোদয়ের দপ্তরে ড্রাই ওয়াশ ব্যবদ ব্যয়, সিলেট সিটি কর্পোরেশনের লাইসেন্স ইন্সপেক্টর এর কম্পিউটার জরুরী ভিত্তিতে মেরামত বাবদ ব্যয় এবং নির্বাহী প্রকৌশলী ডিজাইন বিভাগ-৪ থেকে আগত ম্যানুয়েল বহি সুন্দরবন সার্ভিস বিল বাবদ সর্বমোট ২,৭৬,২১০/- টাকা বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

১২. সম্মানিত কাউন্সিলরবৃন্দের ওয়ার্ড কার্যালয়ে ও অফিসের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য বাংলা প্যাড বহি ক্রয় বাবদ ব্যয়, মাননীয় মেয়র মহোদয়ের দপ্তর, প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের দপ্তর, বিভাগীয় প্রধানগণের দপ্তরে ও গাড়ীতে মনোহারী দ্রব্যাদি ক্রয় বাবদ ব্যয়, জনাব লে. কর্নেল মোহাম্মদ উল্লাহ সজীব (অা) নির্বাহী প্রকৌশলী পরিবহন শাখার অফিস কক্ষের জানালার windoshade লাগানো বাবদ বাবদ ব্যয়, কর আদায় শাখায়, লাইসেন্স শাখায়, পরিবহন শাখায় স্টেশনারী সামগ্রী ক্রয় বাবদ ব্যয়, সম্মানিত কাউন্সিলরবৃন্দের ওয়ার্ড-কার্যালয়ে জন্ম-মৃত্যু নিবন্ধন আঞ্চলিক কার্যালয়ে প্রশাসনিক শাখায় ক্রয় বাবদ ব্যয়, প্রশাসনিক শাখায় ব্যবহৃত 2523 Tashiba ফটোকপি মেশিন সার্ভিসিং ও পার্টস লাগানো বাবদ ব্যয়, মাননীয় মেয়র মহোদয়ের দপ্তরে প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের দপ্তরে সম্মানিত কাউন্সিলরবৃন্দদের কক্ষ্যে আসবাবপত্র পরিষ্কার/মুছার জন্য গামছা/টাওয়াল ক্রয় বাবদ ব্যয়, ত্রাণ বিতরনের জন্য সাদা পলিথিন ব্যাগ ক্রয় বাবদ ব্যয়, প্রবাসী কল্যান কর্মকর্তার নামে সীল তৈরি বাবদ ব্যয়, ত্রাণ বিতরণের জন্য ০১ ডিজিটাল মেশিন ক্রয় বাবদ ব্যয়, মাননীয় মেয়র মহোদয়ের দপ্তর, প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের দপ্তর, বিভাগীয় প্রধানগণের দপ্তরে ও গাড়ীতে মনোহারী দ্রব্যাদি ক্রয় বাবদ ব্যয়, জনস্বাস্থ্য বিভাগে, কর ধার্য্য শাখায়, বাজার শাখায়, কর আদায় শাখায়, স্টেশনারী সামগ্রী ক্রয় বাবদ ব্যয় এবং হযরত মানিকপীর (রঃ) সাহেবের টিলার বেলচা, কোদাল, তেরপাল, কবর খননের খনতি ক্রয় বাবদ ব্যয় সর্বমোট ১,৬৫,১৩৫/- টাকা পরিশোধ করার জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

১৩. শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদান রাখার জন্য MRS Rajin Yaqub-কে সাবেক মেয়র মহোদয়ের পক্ষ হতে সম্মাননা স্মারক প্রদান বাবদ ব্যয়, সাবেক মেয়র মহোদয়ের সহিত ইসলামিক রিলিফ বাংলাদেশ এর প্রধান পরিচালক আগমন উপলক্ষ্যে সংবর্ধনা ও মতবিনিময় সভায় সম্মাননা স্মারক ক্রয় বাবদ ব্যয়, সাবেক প্রধান বিচারপতি এর সিলেট আগমন উপলক্ষ্যে সিলেট সিটি কর্পোরেশনের পক্ষে থেকে নাগরিক সংবর্ধনা অনুষ্ঠানে ২টি সম্মাননা স্মারক ক্রয় বাবদ ব্যয়, বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের রাষ্ট্রদূত ও তার প্রতিনিধিদলের সহিত সাবেক মেয়র মহোদয়ের সহিত মতবিনিময় সভায় সম্মাননা স্যারক ক্রয় বাবদ ব্যয়, পাট ও বস্ত্র মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের সিলেটে আগমন ও সিলেট সিটি কর্পোরেশনের কাউন্সিলরবৃন্দদের সহিত মতবিনিময় সভায় সম্মাননা স্মারক ক্রয় বাবদ ব্যয়, সিলেট সিটি কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীবৃন্দদের সহিত পাট ও বস্ত্র মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের মতবিনিময় সভায় সম্মাননা স্মারক ক্রয় বাবদ ব্যয়, সাবেক মেয়র মহোদয়ের সহিত নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে আগত কাউন্সিলর ও কর্মকর্তাবৃন্দের মতবিনিময় সভায় সম্মাননা স্মারক ক্রয় বাবদ ব্যয় এবং সিলেট সিটি কর্পোরেশনের ০১ হতে ৪২ নং ওয়ার্ডের সাধারণ এসেসমেন্ট বাস্তবায়নের লক্ষে কর ধার্য্য শাখার মেলায় খরচ বাবদ ব্যয়সহ সর্বমোট ১,১৪,৫৬০/- টাকা, সাবেক মেয়র মহোদয়ের সহিত বাংলাদেশ আনসার বিজিবির প্রধান ও সদস্যবৃন্দের সাথে মতবিনিময় সভায় নাস্তা ক্রয় বাবদ ব্যয়, জরুরী ত্রাণ কার্যক্রম পরিচালনার জন্য পলিথিন ব্যাগ ও শ্রমিকদের জন্য নাস্তা ক্রয় বাবদ ব্যয়, সিলেট মহানগরীর বন্যা পরিস্থিতি ও মোকাবেলায় সিলেট সিটি কর্পোরেশনের জরুরী সভায় নাস্তা ক্রয় বাবদ ব্যয়, বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের রাষ্ট্রদূত ও তার প্রতিনিধিদলের সহিত সাবেক মেয়র মহোদয়ের সহিত মতবিনিময় সভায় নাস্তা ক্রয় বাবদ ব্যয়, সাবেক মেয়র মহোদয় যুক্তরাজ্য সফর শেষে দেশে আগমন উপলক্ষে কর্মকর্তাগণের সাথে মতবিনিময় সভায় নাস্তা বাবদ ব্যয়, সাবেক মেয়র মহোদয়ের সহিত নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে আগত কাউন্সিলর ও কর্মকর্তাবৃন্দের

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

দুপুরের খাবার বাবদ ব্যয়, সিলেট সিটি কর্পোরেশন এলাকা বন্যা প্লাবিত হওয়ার কারণ ও টেকসই বন্যা ব্যবস্থাপনা বিষয়ক আলোচনা সভায় নাস্তা বাবদ ব্যয় এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে আগত কাউন্সিলর ও কর্মকর্তাবৃন্দের মতবিনিময় সভায় নাস্তা বাবদ ব্যয়সহ সর্বমোট ৭৬,৩৬৫/- টাকা পরিশোধ করার জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

১৪. সিলেট সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র হিসেবে জনাব হাজি মোঃ মখলিছুর রহমান কামরান দায়িত্ব গ্রহণ অনুষ্ঠানে ফুল ক্রয় বাবদ ব্যয়, সাবেক মেয়র মহোদয় যুক্তরাজ্য সফর শেষে দেশে আগমন উপলক্ষে এয়ারপোর্টে কাউন্সিলর ও কর্মকর্তাগণ ফুলেল শুভেচ্ছা প্রদান বাবদ ব্যয়সাবেক মেয়র মহোদয়ের সহিত ইসলামিক রিলিফ বাংলাদেশ এর প্রধান পরিচালক আগমন উপলক্ষ্যে সংবর্ধনা ও মতবিনিময় সভায় ফুল ক্রয় করে প্রদান করা বাবদ ব্যয়, বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের রাষ্টদূত ও তার প্রতিনিধিদলের সহিত সাবেক মেয়র মহোদয়ের সহিত মতবিনিময় সভায় ফুল ক্রয় করে প্রদান করা বাবদ ব্যয়, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষ সিলেটে আগমন উপলক্ষ্যে ফুলেল শুভেচ্ছা প্রদান করা বাবদ ব্যয়, পাট ও বস্ত্র মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষ সিলেটে আগমন ও সিলেট সিটি কর্পোরেশনের কাউন্সিলরবৃন্দেদের মতবিনিময় সভায় ফুল ক্রয় করে প্রদান করা বাবদ ব্যয়, সিলেট সিটি কর্পোরেশনে দূর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের উর্ধ্বতন আগমন উপলক্ষ্যে মতবিনিময় সভায় ফুল ক্রয় করে প্রদান বাবদ ব্যয়, কর্মকর্তাবৃন্দদের সহিত পাট ও বস্ত্র মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের মতবিনিময় সভায় ফুল ক্রয় করে প্রদান করা বাবদ ব্যয়, সাবেক মেয়র মহোদয় যুক্তরাজ্য সফর শেষে দেশে আগমন উপলক্ষে এয়ারপোর্টে কর্মকর্তাগণ ফুলেল শুভেচ্ছা প্রদান বাবদ ব্যয়, সাবেক মেয়র মহোদয়ের সহিত নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে আগত কাউন্সিলর ও কর্মকর্তাবৃন্দের মতবিনিময় সভায় ক্রয় করে প্রদান করা বাবদ ব্যয় এবং ০১-৪২ নং ওয়ার্ডের সাধারণ এসেসমেন্ট বাস্তবায়নের লক্ষে কর ধার্য্য শাখার মেলায় সরবরাহ করা বাবদ ব্যয়সহ সর্বমোট ১,৬৭,১৬০/- টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

১৫. সাবেক মেয়র এর মৌখিক নির্দেশনায় ৬ টি বিভিন্ন মাদ্রাসা ও এতিমখানায় ১৪০০ পেকেট বিরিয়ানী প্রদান বাবদ ২,৮০,০০০/- টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

১৬. সাবেক মেয়র মহোদয়ের সহিত বাংলাদেশ আনসার বিজিবির প্রধান ও সদস্যবৃন্দের সাথে মতবিনিময় সভায় ক্রয় করে প্রদান করা বাবদ ব্যয়, জরুরী ত্রাণ কার্যক্রম পরিচালনার জন্য পলিথিন ব্যাগ ক্রয় করে প্রদান করা বাবদ ব্যয়, সাবেক মেয়র মহোদয়ের সহিত ইসলামিক রিলিফ বাংলাদেশ এর প্রধান পরিচালক আগমন উপলক্ষ্যে সংবর্ধনা ও মতবিনিময় সভায় গিফট সামগ্রী ক্রয় করে প্রদান করা বাবদ ব্যয়, বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের রাষ্ট্রদূত ও তার প্রতিনিধিদলের সহিত মেয়র মহোদয়ের সহিত মতবিনিময় সভায় গিফট সামগ্রী ক্রয় করে প্রদান করা বাবদ ব্যয়, সাবেক মেয়র মহোদয়ের সহিত নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে আগত কাউন্সিলর ও কর্মকর্তাবৃন্দের মতবিনিময় সভায় গিফট সামগ্রী ক্রয় করে প্রদান করা বাবদ ব্যয়, সাধারণ এসেসমেন্ট বাস্তবায়নের লক্ষে ০১ হতে ২৭ নং ওয়ার্ডের কর ধার্য্য শাখার মেলায় সরবরাহ করা বাবদ ব্যয় এবং সিলেট সিটি কর্পোরেশনের ২৮ হতে ৪২ নং ওয়ার্ডের সাধারণ এসেসমেন্ট বাস্তবায়নের লক্ষে কর ধার্য্য শাখার মেলায় সরবরাহ করা বাবদ ব্যয়সহ সর্বমোট ১,০২,৩৭৫/- টাকা, অক্টোবর/২০২৪ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় ৪৬,০৯০/- টাকা, সিলেট সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ তলাস্থ সভাকক্ষের জন্য জরুরী প্রয়োজনীয় ক্রোকারিজ সামগ্রী ক্রয় বাবদ সম্ভাব্য ব্যয় ১,৭০,০০০/- টাকা এবং সাবেক মেয়রের মৌখিক নির্দেশে বুরুজা মহিলা মাদ্রাসায় ১টি ফটোকপি মেশিন ক্রয় বাবদ ব্যয় ২,৩০,০০০/- টাকা বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

১৭. অক্টোবর-২৪ মাসের মোবাইল কোর্ট পরিচালনার সম্মানী বাবদ ৮৮,৪০০/- টাকা, আনসার সদস্যদের অক্টোবর-২৪ মাসের গ্যাস বিল বাবদ ৪,৫০০/- টাকা, লাইসেন্স শাখার টেবিল ক্রয়ের বিল বাবদ ৪,৫০০/- টাকা, দাড়িয়া পাড়া সুরমা রেষ্ট হাউসের পরিচালনা খরচ বাবদ ৭৫,২১১/- টাকা, একুশ ডিংকিং ওয়াটারের অফিসে জুলাই-অক্টোবর/২৪ মাসের খাবার পানি সরবরাহের বিল ১,৪২,১৫০/- টাকা, শ্রী জনি চক্রবর্তী নাজির, সার্কিট হাউস কে ১২ নভেম্বর ২৪ সভার আপ্যায়ন বিল ৪৯,৯৫৮/- টাকা, সচিবালয় শাখার ইউপিএস ব্যাটারী, ওয়াটার ফিল্টার সার্ভিসিং বিল ১০,৪৫০/- টাকা, প্রকৌশল শাখার কম্পিউটার মেরামত বিল ১৯,৯০০/- টাকা, ভোলানন্দ স্কুলের অডিট ফিস প্রদান ১২,০০০/- টাকার, বর্জ্য ব্যবস্থাপনা শাখার ৩০০টি ডাস্টবিন ক্রয়ের সিদ্ধান্ত মোতাবেক আশিয়ানা ফার্নিচার কে ষ্টেশন ক্লাব ও চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্যাট আদালতের আবেদনের প্রেক্ষিতে ভাউচারে ক্রয়কৃত ১১০টি ডাষ্টবিনের বিল ৩,৪৯,১৮০/- টাকা ও OTM পদ্ধতিতে ১৯০টি ডাস্টবিন (২৪০ লিটার ক্ষমতাসম্পন্ন ১৪০টি এবং ১২০ লিটার ক্ষমতাসম্পন্ন ৫০টি) সিলেট সিটি কর্পোরেশনের ১নং হতে ৪২নং ওয়ার্ডের অক্টোবর/২০২৪ মাসের অফিস ভাড়া ও কন্টিনজেন্সী খরচ বাবদ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও ওয়ার্ড সচিবের যৌথ হিসাব নম্বরে ৪,৬৪,০০০/- টাকা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট ও ট্রান্সপারেন্সী

ইন্টারন্যাশনাল বাংলাদেশ-এর উদ্যোগে আয়োজিত তথ্যমেলায় অংশগ্রহণে খরচ মোট ৩৪,২৮০/- টাকা এর মধ্যে অগ্রিম ২৫,০০০/- টাকা, ১৭জন ড্রাইভারের অধিকাল ভাতা বাবদ ৫,২৯,১৭১/- টাকা, সিলেট সিটি কর্পোরেশনের ২য় ও ৩য় তলার প্রশাসনিক শাখা, ম্যাজিষ্ট্রেট রুম ও ৬ষ্ঠ তলার কনফারেন্স রুমের এ/সি, আইপিএস ও ফ্যান স্থাপন করা বাবদ ৯,৯১,১৭৫/- টাকা, আলমপুর বিভাগীয় সদর দপ্তরের অভ্যন্তরে স্ট্রীট লাইট স্থাপন বাবদ বিল- ৪,৮২,৭৫৫/- টাকা, মেয়র মহোদয়ের রুমে এ/সি ও এয়ার কুলার স্থাপন বাবদ বিল-৮,৪৫,২০০/- টাকা, মেয়র মহোদয়ের রুমে পুরাতন এ/সি পরিবর্তন করে নতুন এ/সি লাগানো বাবদ বিল-৭,৯৫,০০০/- টাকা ও ৪২ টি ওয়ার্ডের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে এলইডি লাইট সরবরাহ বাবদ বিল-৫,৮২,০০০/- টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

১৮. [টেন্ডার আইডি নং ৮৫৮৬২৬, হযরত শাহজালাল (রহঃ) মাজার, মসজিদ, মাদ্রাসা উন্নয়ন এবং হযরত শাহপরান (রহঃ) মাজার উন্নয়ন ও সংস্কার প্রকল্প] হযরত শাহজালাল (রহঃ) মাজারে ৬ তলা মুসাফির খানা এবং ৬ তলা মাদ্রাসা বিল্ডিং নির্মাণ কাজের ২য় চলতি বিল বাবদ ১,১২,৪৭,৬৭৭/- টাকা, [টেন্ডার আইডি নং ৮২৭১০৫, এলজিসিআরআরপি (কোভিড-১৯) প্রকল্প] নতুন বাজার পয়েন্ট হতে মল চত্বর, মল চত্বর হতে জোনাকি আবাসিক এলাকা রাস্তায় আরসিসি ড্রেন নির্মাণ কাজের ৪র্থ বিল বাবদ ৩৮,৬৯,৫০৬/- টাকা, [টেন্ডার আইডি নং ৯৫৫৮০৩, এলজিসিআরআরপি (কোভিড-১৯) প্রকল্প] মদিনা আবাসিক এলাকার রাস্তায় আরসিসি ড্রেন নির্মাণ কাজের ১ম চলতি বিল বাবদ ৭৭,৫৪,৬০৬/- টাকা, [টেন্ডার আইডি নং ৯৫৫৯১৩, এলজিসিআরআরপি (কোভিড-১৯) প্রকল্প] সোনালী আবাসিক এলাকা হতে ডামলিপাড়া রাস্তায় আরসিসি ড্রেন নির্মাণ এবং ফুটপাথ নির্মাণ কাজের ১ম চলতি বিল বাবদ ৮৪,৬৪,০১৬/- টাকা, [টেন্ডার আইডি নং ৯৫৪৫১৪, এলজিসিআরআরপি (কোভিড-১৯) প্রকল্প] তেলিরাই রোড থেকে নিয়ামতপুর রাস্তায় ড্রেন নির্মাণ কাজের ১ম চলতি বিল বাবদ ৮০,৯৮,৪০৭/- টাকা, [টেন্ডার আইডি ৮৯৯৪৫৯] জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন OTM পদ্ধতিতে মিরের ময়দান এলাকায় আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ কাজের ২য় চলতি বিল বাবদ ১৯,৮৮,৩২৮/- টাকা, [টেন্ডার আইডি ৬৩৩৯৭৪] জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন OTM পদ্ধতিতে দাদাপীরের মাজার হতে শাহমির মাজার হয়ে বালুচর পর্যন্ত রাস্তায় আরসিসি ড্রেণ নির্মাণ ও টিলাগড় হতে এমসি কলেজ মাঠ হয়ে বালুচর পর্যন্ত রাস্তায় আরসিসি ড্রেণ নির্মাণ কাজের ৫০% জামানত ফেরত বাবদ ৬৩,০৩,৯০০/- টাকা, [টেন্ডার আইডি ৮৭২৫৯৩] জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ প্রকল্পের অধীন OTM পদ্ধতিতে মোহাম্মদপুর মাদ্রাসা রোড আরসিসি দ্বারা উন্নয়ন ও আরসিসি ড্রেন নির্মাণ কাজের ২য় ও চূড়ান্ত বিল বাবদ ১১,০৪,০২০/- টাকা, [টেন্ডার আইডি ৯৯৮৬১৪] এডিবি প্রকল্পের অধীন OTM পদ্ধতিতে কুইটুক ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের জন্য এলাম ব্লিচিং পাউডার সরবরাহ কাজের ১ম চলতি বিল বাবদ ১৪,৮৯,৪২২/- টাকা, [টেন্ডার আইডি ৯৭৯৮০১] OTM পদ্ধতিতে সম্প্রসারিত এলাকায় সমন্বিত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের অধিন বরইকান্দি রোড হতে কাসুসানা মসজিদ পর্যন্ত রাস্তায় আরসিসি ড্রেণ নির্মাণ ও বাউন্ডারী ওয়াল নির্মাণ ১ম চলতি বিল বাবদ ৯৫,১৬,১৭০/- টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

১৯. তেতলি, দক্ষিণ সুরমায় এসফল্ট প্লান্ট সয়েল টেস্ট কাজের ২,৪৫,০০০/- টাকা, লালমাটিয়া ডাম্পিং গ্রাউন্ডের এমআরএফ প্লান্টে ইন্ডাস্ট্রিয়াল সকেট এবং বৈদ্যুতিক লাইন স্থাপন বাবদ ব্যয় ৮৮,৪৪৪/- টাকা, ২৪ নং ওয়ার্ডে ৫০০টি এলইডি লাইট স্থাপন বাবদ ৩৩,০১,৮৯৪/- টাকা এবং স্বাস্থ্য শাখার নগর প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্রের ঔষধ ক্রয়ের প্রাক্কলন বাবদ ২৬,৮১,০৮০/- টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

২০. আম্বরখানায় পুলিশ বক্সে মোবিলাইজ বাথরুম ও কন্টেইনার সরবরাহ বাবদ ৪,৭৮,০০০/- টাকা এবং নিজস্ব তহবিলের আওতায় শেখ হাসিনা শিশু পার্কের রাইডস, ফ্রুট ফ্লালিং রাইডস ও বাম্পার কার মেরামত বাবদ ২,৯০,৯৯০/- টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়েছে।

২১. সিলেট সিটি কর্পোরেশনের বিভিন্ন শাখা ও বিরেশ চন্দ্র স্কুলের জন্য কম্পিউটার, ল্যাপটপ, প্রজেক্টর ও অন্যান্য প্রয়োজনীয় মালামাল ক্রয় করণ কাজের ১ম ও চূড়ান্ত বিল প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত কাজের টেন্ডার আইডি ৯৯১৮০০, কাজের নাম সিলেট সিটি কর্পোরেশনের বিভিন্ন শাখা ও বিরেশ চন্দ্র স্কুলের জন্য কম্পিউটার, ল্যাপটপ, প্রজেক্টর ও অন্যান্য প্রয়োজনীয় মালামাল ক্রয় করণ। ১ম ও চূড়ান্ত বিল ১৩,০৮,৩১০.০৭৫/- (তের লক্ষ আট হাজার তিনশত দশ দশমিক শূন্য সাত পাঁচ) টাকা হতে নিয়মানুসারে ভ্যাট, আয়কর ও জামানতের টাকা কর্তন পূর্বক অবশিষ্ট টাকা Computer Gallery, Zindabazar, Sylhet-3100 এর নামে পরিশোধ করা যেতে পারে।

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

সিদ্ধান্ত: উপরোক্ত ব্যয়সমূহ অফিসিয়াল কার্যক্রম পরিচালনার নিমিত্ত নির্বাহ করা হয়েছে বিধায় তা পরিশোধের বিষয়ে সভায় উপস্থিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ঐক্যমত পোষণ করেন।

**২.১৯ প্রকাশক পরিষদের বইমেলার জন্য শহিদ মিনারের স্থান বরাদ্দ প্রসঙ্গে:**

প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন বলেন যে, ইতোমধ্যে একুশে গ্রন্থ মেলা উদযাপনের লক্ষ্যে প্রকাশক পরিষদ, সিলেট এবং আলোর অন্বেষণ, সিলেট নামক প্রতিষ্ঠান হতে সিলেট কেন্দ্রীয় শহিদ মিনার বরাদ্দের আবেদন পাওয়া গেছে। আরও অন্য কোন প্রতিষ্ঠান হতে আবেদন পাওয়া গেলে তাদের সাথে আলোচনাপূর্বক শহিদ মিনার বরাদ্দের বিষয়ে সভায় উপস্থিত সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ঐক্যমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** আবেদনকারী সকল প্রতিষ্ঠানের সাথে আলোচনাপূর্বক একুশে গ্রন্থ মেলা উদযাপনের লক্ষ্যে শহিদ মিনার বরাদ্দের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

**৩. বিবিধ আলোচনা**

(ক) সিলেট সিটি কর্পোরেশনের মালিকানাধীন একমাত্র রেষ্ট হাউস সিলেট শহরের দাঁড়িয়াপাড়ায় অবস্থিত। যার খতিয়ান নং- ৩৭৪৮, দাগ নং- ৫০২৬, জে এল নং- ৯১, মৌজা- সিলেট মিউনিসিপ্যালিটি, পরিমাণ- ০.০৮ শতক, পুকুর রকম ভূমি নামীয় এই সরকারি সম্পত্তির এস এ রেকর্ডীয় মালিক সিলেট সিটি কর্পোরেশন (বর্তমান জরিপ কালের বি,এস/আর,এস এর ডি.পি পর্চা এবং দখল সিটি কর্পোরেশনের রয়েছে) হওয়া সত্ত্বেও স্বত্ব মোকদ্দমা নং- ১১৯/১৯৬৪ এর আদেশবলে দখল করে দীর্ঘদিন ধরে ভোগ করে আসছিলেন জনাব কামাল বক্ত চৌধুরীসহ তার পূর্বসূরিরা তাদের নামে নামজারি ব্যতিত। পরবর্তীতে নামজারির জন্য সহকারী কমিশনার (ভূমি), সিলেট বরাবর আবেদন করলে তৎকালীন দায়িত্বরত সহকারী কমিশনার (ভূমি) বিষয়টি সিলেট সিটি কর্পোরেশনকে পত্র দিয়ে অবগত করেন। সিলেট সিটি কর্পোরেশন বিষয়টি জানতে পেরে তাৎক্ষণিকভাবে আপত্তি দাখিল করলে তার নামজারির আবেদন খারিজ হয়ে যায়। পরবর্তীতে স্বত্ব মোকদ্দমা নং- ১১৯/১৯৬৪ এর আদেশ বাতিল চেয়ে সিলেট সিটি কর্পোরেশন মাননীয় সহকারী জজ আদালত, জকিগঞ্জ, সিলেট এ স্বত্ব মোকদ্দমা নং- ৫৭/২০০৯ দায়ের করলে মাননীয় আদালত শুনানী অন্তে বিগত ২২.০৫.২০১৬ খ্রি. সালের আদেশমূলে স্বত্ব মোকদ্দমা নং- ১১৯/১৯৬৪ এর আদেশ রহিত করে রেকর্ডীয় মালিক হিসাবে সিলেট সিটি কর্পোরেশনের পক্ষে আদেশ প্রদান করেন। উক্ত আদেশমূলে সিলেট সিটি কর্পোরেশন জায়গাটির দখল গ্রহণ করে সেই জায়গার উপর রেষ্ট হাউস নির্মাণ করেছে যা অদ্যবদি পর্যন্ত বিদ্যমান রয়েছে। পরবর্তীতে বিবাদী স্বত্ব মোকদ্দমা নং- ৫৭/২০০৯ এর আদেশের অসম্মতিতে মাননীয় যুগ্ম জেলা জজ অতিরিক্ত আদালত, সিলেট এ বাদী হয়ে স্বত্ব আপিল মোকদ্দমা নং- ২১১/২০১৬ দায়ের করলে মাননীয় আদালত শুনানী অন্তে নিম্ন আদালতের আদেশ স্থগিত মর্মে রায় ডিক্রি প্রদান করেন।

তিনি আরও বলেন, উক্ত রায় ডিক্রির অসম্মতিতে সিলেট সিটি কর্পোরেশন মহামান্য হাইকোর্ট বিভাগে সিভিল রিভিশন মোকদ্দমা নং- ৩৪১২/২০১৭ দায়ের করলে বর্ণিত সিভিল রিভিশন মোকদ্দমাটি মহামান্য আদালতের কজলিষ্ট অনুযায়ী গত ০৫.১১.২০২৪ খ্রি. তারিখে ধার্য্য ছিল, ধার্য্য তারিখে আংশিক শুনানী অন্তে পুনঃরায় ১২.১১.২০২৪ খ্রি. তারিখে পূর্ণাঙ্গ শুনানীর তারিখ ধার্য্য করেছেন। সিলেট সিটি কর্পোরেশনের স্বত্ব স্বার্থযুক্ত মালিকানাধীন মহামূল্যবান সম্পত্তি রক্ষার্থে পূর্ণাঙ্গ শুনানীর তারিখে সিলেট সিটি কর্পোরেশনের পক্ষে একজন বিজ্ঞ সিনিয়র আইনজীবী নিয়োগ করে শুনানী আবশ্যক বিধায় বিজ্ঞ সিনিয়র আইনজীবীর প্রাথমিক বুকিং খরচ বাবদ অগ্রিম দুই লক্ষ টাকা জরুরী ভিত্তিতে প্রেরনের জন্য মামলা পরিচালনাকারী মহামান্য হাইকোর্ট বিভাগে সিলেট সিটি কর্পোরেশনের নিয়োজিত বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব ব্যারিষ্টার চৌধুরী মুর্শেদ কামাল টিপু প্রশাসক মহোদয় বরাবর আবেদন করেছেন। সিলেট সিটি কর্পোরেশন তার স্বত্ব স্বার্থ বিবেচনায় মহামূল্যবান সম্পত্তি রক্ষার্থে বিগত পরিষদের পূর্ববর্তী পরিষদ মাসিক সভায় বিজ্ঞ সিনিয়র আইনজীবীর মামলা পরিচালনা বাবদ ফি ৫,০০,০০০/- টাকা নির্ধারণ করেছেন। যা কর্পোরেশনের স্বার্থে অগ্রিম ২,০০,০০০/- টাকা বা মামলা নিস্পত্তি পরবর্তী অগ্রিম সমন্বয় করে প্রদানেরও সিদ্ধান্ত রয়েছে।

সিলেট সিটি কর্পোরেশনের স্বত্ব স্বার্থযুক্ত মালিকানাধীন মহামূল্যবান সম্পত্তি রক্ষার্থে পূর্ণাঙ্গ শুনানীর জন্য বিজ্ঞ সিনিয়র আইনজীবী নিয়োগপূর্বক প্রয়োজনীয় সকল কার্যাদি সম্পাদনের লক্ষ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তগণ একমত পোষণ করেন।

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

**সিদ্ধান্ত:** মামলা নিষ্পত্তির লক্ষ্যে আইনজীবী নিয়োগসহ সকল পদক্ষেপ পরিচালনার স্বার্থে অগ্রিম ২,০০,০০০/- টাকা ~~মামলা নিষ্পত্তি পরবর্তী দাখিলকৃত বিলের সাথে অগ্রিম সমন্বয় করে প্রদান করতে হবে [বাস্তবায়নে: আইন কর্মকর্তা~~ (চলতি দায়িত্ব), সিলেট সিটি কর্পোরেশন]।

(খ) প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন যে, বিভাগীয় সদর দপ্তর, সিলেট-এর সৌন্দর্য্য বর্ধন ও শীতকালীন বাগান সৃজন প্রকল্পে অর্থ বরাদ্দ প্রদান প্রসঙ্গে জনাব শহীদুল ইসলাম, উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা (নাজির), বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট, সিলেট সিটি কর্পোরেশনের প্রশাসক বরাবর আবেদন দাখিল করেছেন। তিনি বলেন, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর ১নং ও ২নং ভবনের সম্মুখস্থ বাগান এবং বিভাগীয় সদর দপ্তর মসজিদের সম্মুখের বাগানে মাটি ভরাট, বৃক্ষ রোপণ ও শীতকালীন ফুলের বাগান সৃজনে অর্থ বরাদ্দ প্রয়োজন। তিনি বর্ণিত প্রকল্পের ব্যয় বাবদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বিভাগীয় সদর দপ্তর, সিলেট-এর সৌন্দর্য্য বর্ধন ও শীতকালীন বাগান সৃজন প্রকল্পে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা অর্থ বরাদ্দ প্রদানের বিষয়ে সভায় উপস্থিত সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** বিভাগীয় সদর দপ্তর, সিলেট-এর সৌন্দর্য্য বর্ধন ও শীতকালীন বাগান সৃজন প্রকল্পে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা অর্থ বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

(গ) প্রধান প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন বলেন যে, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অফিস (এনএসআই) সিলেট কার্যালয়ের ক্যাম্পাসে স্ট্রিট লাইট, গার্ডেন লাইট মেরামত ও স্থাপন কাজ বাবদ DPM পদ্ধতিতে ৩,৮৬,২৯৯/- (তিন লক্ষ ছিয়াশি হাজার দুইশত নিরানব্বই) টাকা, নগর ভবনের লিফট-১ ও লিফট-২ এর মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের বিল বাবদ ১,৮২,৭০০/- (এক লক্ষ বিরাশি হাজার সাতশত) টাকা, আলী আমজদের ঘড়ির মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের বিল বাবদ ২,৫৮,২৫০/- (দুই লক্ষ আটান্ন হাজার দুইশত পঞ্চাশ) টাকা, হযরত মানিক পীর (রাঃ) এর কবরস্থানে গার্ডেন শেড চুরি হওয়ায় সিসি ক্যামেরা স্থাপন কাজের বিল বাবদ ৭,৯৬,৯৮৯/- (সাত লক্ষ ছিয়ানব্বই হাজার নয়শত উননব্বই) টাকা, বিভিন্ন শাখায় জরুরী বৈদ্যুতিক কাজ, জরুরী ভিত্তিতে বৈদ্যুতিক লাইন মেরামত রেষ্টহাউজ ও নগর ভবনের ডিস বিল ইত্যাদি বিবিধ কাজের জন্য ক্রয়কৃত বৈদ্যুতিক মালামালের বিল বাবদ ৫,৮৫,৩২০/- (পাঁচ লক্ষ পচাশি হাজার তিনশত বিশ) টাকা, নগর ভবনসহ সিলেট সিটি কর্পোরেশনের মালিকানাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের এসি মেরামতের বিল বাবদ ৫,৭৬,০৯০/- (পাঁচ লক্ষ ছিয়াত্তর হাজার নব্বই) টাকা, সিলেট সিটি কর্পোরেশনের ষ্ট্রিট লাইট, পানির পাম্প, সিটি কর্পোরেশনের মালিকানাধীন বিভিন্ন প্রতিষ্ঠান ও নগর ভবনের বিদ্যুৎ বিল (জুলাই-অক্টোবর ২০২৪ পর্যন্ত) ১০,৮৬,৭০,৬১০/- (দশ কোটি ছিয়াশি লক্ষ সত্তর হাজার ছয়শত দশ) টাকা, সিলেট সিটি কর্পোরেশনের ৪২টি ওয়ার্ডের জন্য ৪৮টি বাঁশের তৈরী মই ক্রয় করা হয়েছে ১,২২,৪০০/- (এক লক্ষ বাইশ হাজার চারশত) টাকা, সিলেট সিটি কর্পোরেশনের চৌহাট্টাস্থ ১নং ওয়ার্ডের কাউন্সিলর অফিসের জন্য মিটারসহ বৈদ্যুতিক সংযোগ ও প্রয়োজনীয় বৈদ্যুতিক মালামাল ক্রয় বাবদ ব্যয় ৪৩,৫০০/- টাকা, বরইকান্দি কাজিরখলা রিয়াসত জামে মসজিদের ছাত্রাবাসে বৈদ্যুতিক ওয়ারিং, লাইট ও ফ্যান সরবরাহ ও স্থাপন বাবদ প্রাক্কলিত মূল্য ৭,৪৮,৮৫০/- টাকা এবং সিলেট সিটি কর্পোরেশনের পীর হাবিবুর রহমান পাঠাগারের ৪র্থ তলায় বৈদ্যুতিক কানেকশনসহ ফ্যান, লাইট ও অন্যান্য প্রয়োজনীয় মালামাল ক্রয় বাবদ ব্যয় ১,৫৪,৩০৯/- করা হয়েছে। উত্থাপিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক উক্ত ব্যয় পরিশোধের বিষয়ে সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ঐক্যমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:**

i. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক ব্যয় পরিশোধ করতে হবে (বাস্তবায়নে: প্রধান প্রকৌশলী ও হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন)।

ii. সিলেট সিটি কর্পোরেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ বিভিন্ন প্রত্যয়ন প্রদানে অপারগতা প্রকাশ করছেন। এক্ষেত্রে আবেদনকারীর সকল কাগজাদি সংশ্লিষ্ট ওয়ার্ড সচিব কর্তৃক যাচাই বাছাইপূর্বক সিলেট সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব প্রত্যয়ন প্রদান করতে পারবেন।

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

৪। পরিশেষে আর কোন বিশেষ আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭/১১/২০২৪

আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি
প্রশাসক
সিলেট সিটি কর্পোরেশন
ও
বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব)
সিলেট বিভাগ, সিলেট

স্মারক নম্বর: ৪৬.০৭.০০০০.০০৪.০৬.১৩.২৪. ৩২৯২ তারিখ: ২৭.১১.২০২৪ খ্রি

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব সুবর্ণা সরকার, উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৩. জনাব আহসান উদ্দিন আহমদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট
৪. জনাব মোঃ মনিরুজ্জামান, বিভাগীয় উপ-পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, সিলেট
৫. জনাব তারেক রহমান, সহকারী বন সংরক্ষক, বন বিভাগ, সিলেট
৬. জনাব মোঃ বদরুল হুদা, সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট
৭. জনাব মোঃ দেলোয়ার হোসেইন, নিবাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন অধিদপ্তর, সিলেট
৮. জনাব মোঃ জালাল উদ্দিন, বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট
৯. জনাব আবু সাঈদ মোঃ আব্দুল ওয়াদুদ, উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, সিলেট
১০. জনাব মোঃ ফারুক আহমদ, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিলেট
১১. জনাব মোঃ শেখ সাদী রহমতুল্লাহ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট
১২. জনাব মোঃ শাহাদাত আলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট
১৩. জনাব মোঃ ইলিয়াস আহম্মেদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সিলেট
১৪. জনাব বি এম আশরাফ উল্লাহ তাহের, ডিসি (ট্রাফিক), সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট
১৫. জনাব ডা. মোঃ আনিসুর রহমান, পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, সিলেট
১৬. জনাব মোঃ লিয়াকত আলী, ব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, সিলেট
১৭. শাখা প্রধান, .............................(সকল), সিলেট সিটি কর্পোরেশন।

স্মারক নম্বর: ৪৬.০৭.০০০০.০০৪.০৬.১৩.২৪. ৩২৯২ তারিখ: ২৭.১১.২০২৪ খ্রি.

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১. প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, সিলেট (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সংশ্লিষ্ট নথি।

২৭/১১/২০২৪

(মোহাম্মদ রেজাই রাফিন সরকার)
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্ম সচিব)
ফোন: ২৯৯৬৬-৩৩৩৮১
ই-মেইল: ceo@scc.gov.bd